বিশ্ব মেধাসম্পদ দিবস

২৬ এপ্রিল ২০১৩

World Intellectual Property Day

26 April 2013

Creativity *the next generation*

Department of Patents, Designs and Trademarks
Ministry of Industries

রুচি
চানাচুর
খুশির মুহূর্ত
জ'মে উঠুক
ভিন্ন স্বাদে
রুচি
চানাচুর
নতুন যুগ, নতুন স্বাদ

সূচিপত্র

ক্রঃ নং	বিষয়	পৃষ্ঠা
01	জ্ঞান-ভিত্তিক অর্থনীতি: ধারণা ও সম্ভাবনা - Md. Abdur Rouf	18-21
02	মেধাসম্পদ সৃষ্টি: সহায়ক পরিবেশ - প্রফেসর ড. এম. আহসান কবির	22-26
03	মেধাসম্পদ আইনের সংক্ষিপ্ত ইতিহাস ও মেধাসম্পদের অপরিহার্যতা - Engr. S M Enamul Haque	27-28
04	সৃজনশীলতাই পথের প্রজন্ম - মোস্তাফা জব্বার	29-31
05	Strategy for the DPDT - Mohammed Habibul Kabir Chowdhury	32-35
06	The Role of IP on Economic Development - Dr. Mohammad A. Hossain	36-41
07	Invention, Innovation and Commercialization - Md. Elias Bhuiya	42-44
08	IPAB MUSICAL NIGHT - Md. Azizur Rahman	45-46
09	Extension of TRIPS Transition Period for the LDCs. Problems & Issues - Shamfa Khan	47-49
10	Bangladeshi Jamdani and South Asian Bashmoti - M S Siddiqui	50-52
11	Capacity of Government to protect copyright in Bangladesh: Expectation vs Realities - Sahela Akter	53-56
12	IPR and SMEs with its Implications of Pharmaceutical Industries in Bangladesh - Ferdaus Ara Begum	57-60
13	THE EARTH HAS LIFE" We, the Humans, are Parasites on Earth - Dr. Uttam Kumar Datta	61-68
14	Fighting disease, combating hunger, securing the balance of our life on Earth: the future of biotechnological innovation would be the future of our planet. - Mirza Golam Serwar	69-70
15	Deceptive Similarity: Perspective Trademarks or Service Marks. - Muhammad Ferdoush Hassan	71-72
16	Salman Khan : A tale of achievements made by Bangladeshi origins living in USA - Selim Ahmed Chowdhury	73-74
17	IP Day observance in Bangladesh - Engr. S M Enamul Haque	75-76
18	Photo Allbame	77-84

বিশ্ব মেধাসম্পদ দিবস-২০১৩

World Intellectual Property Day-2013

Published by :

Department of Patents, Designs and Trademarks
Ministry of Industries
Government of the People's Republic of Bangladesh

Edited by:

Mohammad Habibul Kabir Chowdhury
Engr. S M Enamul Haque

Published on :

26 April 2013

Design by :

Nazrul Islam Badal
Mobile : 01716-839396

Printed by :

Panguchi Color Graphics
Tel : 01716-839396

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা।

১৩ বৈশাখ ১৪২০
২৬ এপ্রিল ২০১৩

বাণী

পৃথিবীর অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও 'বিশ্ব মেধাসম্পদ দিবস-২০১৩' পালিত হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি সংশ্লিষ্ট সকলকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাই।

মেধা ও মননের বিকাশ ও সুষ্ঠু সংরক্ষণের মাধ্যমে একটি জাতির আর্থ-সামাজিক উন্নয়ন ত্বরান্বিত হয়। এই বিষয়টিকে মেধাসম্পদ হিসেবে সংরক্ষিত করে প্রতি বছর ২৬ এপ্রিল আন্তর্জাতিকভাবে 'মেধাসম্পদ দিবস' পালিত হয়ে আসছে। আমরা জানি যে, সৃষ্টিশীলতাই সকল আবিষ্কার-উদ্ভাবনের মূলমন্ত্র। আর এই সৃষ্টিশীলতাকে সার্থক ও সফলভাবে ছড়িয়ে দিতে হবে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে। সেজন্যই এর স্বীকৃতি অতীব জরুরি। কেননা সংস্কৃতি ও সভ্যতার অগ্রযাত্রায় তথ্য, বিজ্ঞান ও প্রযুক্তির সমন্বয়ে বুদ্ধিবৃত্তিক সম্পদের গুরুত্ব অপরিসীম। আমি মনে করি, আমাদের ভবিষ্যত প্রজন্মকে উপযুক্ত করে গড়ে তোলার জন্য এবারের প্রতিপাদ্য 'Creativity-The Next Generation' সময়োপযোগী হয়েছে।

আমি 'বিশ্ব মেধাসম্পদ দিবস-২০১৩' এর সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

World Intellectual Property Day-2013

بسم الله الرحمن الرحيم

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৩ বৈশাখ ১৪২০
২৬ এপ্রিল ২০১৩

বাণী

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও ২৬ এপ্রিল ২০১৩ 'বিশ্ব মেধাসম্পদ দিবস' পালন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটি উপলক্ষে আমি দেশের বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, কবি, শিল্পী, সাহিত্যিকসহ সৃজনশীল কর্মকান্ডের সাথে সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা জানাই।

দিবসটির এবারের প্রতিপাদ্য 'Creativity-The Next Generation' অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণে মেধার বিকাশ ঘটিয়ে উদ্ভাবনকে উৎসাহিত করা যেমন আবশ্যক, তার সুরক্ষাও তেমনই জরুরি। উন্নত বিশ্ব মেধাসম্পদকে কাজে লাগিয়ে তাদের অগ্রযাত্রা অব্যাহত রেখেছে। আমাদের দেশে রয়েছেন অসংখ্য মেধাবী ও গুণী ব্যক্তি। তাঁদের সৃষ্টিশীলতা ও উদ্ভাবনকে যথাযথভাবে কাজে লাগিয়ে আমরা দেশকে সামনের দিকে এগিয়ে নিতে পারি। বিষয়টি অনুধাবন করে সৃষ্টিশীল কর্মে উদ্দীপনা যোগানোর লক্ষ্যে বর্তমান সরকার বিশ্ব মেধাসম্পদ দিবসকে রাষ্ট্রীয়ভাবে জাতীয় ও আন্তর্জাতিক দিবসের তালিকায় অন্তর্ভুক্ত করেছে।

এ দিবস উপলক্ষে আমি সর্বস্তরের মেধাবীদের নব নব সৃষ্টিতে ব্রতী হয়ে সরকারের 'রূপকল্প-২০২১' বাস্তবায়নে আরও নিবেদিত হওয়ার আহ্বান জানাই।

আমি বিশ্ব মেধাসম্পদ দিবস-২০১৩ এর সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

World Intellectual Property Day-2013

দিলীপ বড়ুয়া
মন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশে যথাযোগ্য মর্যাদায় ২৬ এপ্রিল, ২০১৩ ***"বিশ্ব মেধাসম্পদ দিবস"*** উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় হচ্ছে, **"Creativity-The Next Generation"** অর্থাৎ সৃষ্টিশীলতায় আগামী প্রজন্ম। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রতিপাদ্য বিষয়টি বাংলাদেশের প্রেক্ষাপটে অত্যন্ত সময়োপযোগী ও তাৎপর্যপূর্ণ বলে আমি মনে করি।

মুক্তবাজার অর্থনীতির ফলে বিশ্বব্যাপী অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের তীব্র প্রতিযোগিতা চলছে। এতে বিজয়ী হতে উন্নত ও উন্নয়নশীল নির্বিশেষে পৃথিবীর প্রায় সকল দেশ মেধাসম্পদখাতে বিপুল পরিমাণে বিনিয়োগ করছে। উন্নয়নকামী দেশ হিসেবে বাংলাদেশেও মেধাসম্পদনির্ভর টেকসই উন্নয়ন উদ্যোগ গ্রহণ জরুরি। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে মহাজোট সরকার শুরু থেকেই এ বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করেছে। মেধাসম্পদের লালন ও বিকাশের ওপর গুরুত্ব দিয়ে প্রণীত হয়েছে জাতীয় শিল্পনীতি-২০১০। এ নীতির দিকনির্দেশনার আলোকে গৃহীত উদ্যোগের ফলে দেশে মেধাসম্পদের সুরক্ষা ও উদ্ভাবনী উদ্যোগের প্রতি সরকারি-বেসরকারি পৃষ্ঠপোষকতা বাড়ছে। এতে করে দেশের ব্যবসানির্ভর অর্থনীতি ধীরে ধীরে শিল্পনির্ভর অর্থনীতিতে রূপান্তরিত হচ্ছে। এর ধারাবাহিকতা অব্যাহত রেখে ২০২১ সাল নাগাদ জ্ঞানভিত্তিক আলোকিত শিল্পায়নের লক্ষ্য অর্জন সম্ভব হবে বলে আমার বিশ্বাস।

মেধার মূল্যায়ন ছাড়া মেধাবী জাতি গড়ে ওঠে না। জ্ঞান-বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তিতে সমৃদ্ধ ভবিষ্যৎ প্রজন্ম গড়ে তুলতে হলে, মেধা ও সৃজনশীল চিন্তার কদর করতে হবে। নতুন উদ্ভাবন ও মুক্ত চিন্তার দুয়ার খুলে দিতে হবে। বিশেষ করে, তরুণ প্রজন্মের মধ্যে উদ্ভাবন ও সৃষ্টিশীলতাকে উৎসাহিত করে শিল্পায়ন ও সমৃদ্ধির কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে যেতে হবে। এবারের বিশ্ব মেধাসম্পদ দিবস দেশের মেধাবী জনসম্পদের প্রাচুর্যকে পরিকল্পিত শিল্পায়নের ক্ষেত্রে কাজে লাগাতে সংশ্লিষ্ট সবাইকে সচেতন ও উৎসাহিত করবে-এটাই আমার প্রত্যাশা।

আমি ***বিশ্ব মেধাসম্পদ দিবস*** ২০১৩ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের সাফল্য কামনা করছি।

০২ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ
১৫ এপ্রিল, ২০১৩ খ্রিস্টাব্দ

দিলীপ বড়ুয়া

World Intellectual Property Day 2013

আবুল কালাম আজাদ, এমপি
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

World Intellectual Property Day-2013

২৬ এপ্রিল, ২০১৩ 'বিশ্ব মেধাসম্পদ দিবস' উদ্‌যাপনের লক্ষ্যে প্রতি বছরের ন্যায় এবারও শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের উদ্যোগে বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে সবাইকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

বিশ্ব মেধাসম্পদ দিবসের এবারের প্রতিপাদ্য বিষয় **'Creativity-The Next Generation'** খুবই সময়োপযোগী, প্রাসঙ্গিক ও তাৎপর্যপূর্ণ হয়েছে বলে আমি মনে করি। এই দিনটি কবি, সাহিত্যিক, শিল্পী, গায়ক, সফ্‌টওয়্যার ডেভেলপার, চলচ্চিত্রকার, সম্প্রচারক, স্থপতি, আবিষ্কারক, বিজ্ঞানী, নকশাবিদ তথা বিশ্বের সকল সৃজনশীল মানুষের কাছে খুবই গুরুত্বপূর্ণ। কারণ এটি মেধাবীদের স্বীকৃতির দিন।

জ্ঞানভিত্তিক ও শিল্পসমৃদ্ধ সমাজ বিনির্মাণে মেধাসম্পদের কার্যকর প্রয়োগের কোন বিকল্প নেই। বিশ্বের শিল্পোন্নত জাতিসমূহ মেধার যথাযথ লালন ও পরিচর্যার মাধ্যমে পরিশীলিত সমাজ বিনির্মাণে সক্ষম হয়েছে। সুখি-সমৃদ্ধ জাতিগঠনে বাংলাদেশেও ইতোমধ্যে মেধাসম্পদের মালিকানা সংরক্ষণ ও বিকাশে আইনি কাঠামো জোরদার করেছে। এদেশের সকলস্তরের মানুষের মধ্যে মেধাসম্পদের প্রতি শ্রদ্ধা জাগিয়ে তুলতে এবং বর্তমান সরকারের 'রূপকল্প-২০২১' বাস্তবায়ন তথা ২০২১ সালের মধ্যে শিল্পসমৃদ্ধ মধ্যম আয়ের বাংলাদেশ গড়ে তোলার অভীষ্ট লক্ষ্য অর্জনে এ প্রচেষ্টা সহায়ক হবে বলে আমি বিশ্বাস করি।

আমি 'বিশ্ব মেধাসম্পদ দিবস-২০১৩' উদ্‌যাপন উপলক্ষে স্মরণীকা প্রকাশসহ গৃহিত সকল কর্মকান্ডের সার্বিক সফলতা কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

আবুল কালাম আজাদ, এমপি

গোলাম মোহাম্মদ কাদের, এমপি
মন্ত্রী
বাণিজ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা

বাণী

World Intellectual Property Day - 2013

মেধাসম্পদ সৃজন, সুরক্ষা ও যথাযথ ব্যবহারে জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষ্যকে সামনে রেখে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর, শিল্প মন্ত্রণালয়ের নেতৃত্বে ২৬ এপ্রিল ২০১৩ তারিখে বিশ্ব মেধাসম্পদ দিবস উদ্‌যাপন করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

আমি জেনেছি যে, বিশ্ব মেধাসম্পদ সংস্থা (**World Intellectual Property Organization**) এর আহবানে দিবসটি বিশ্বব্যাপি পালিত হয়ে থাকে। বিশ্ব মেধাসম্পদ দিবসের এবারের প্রতিপাদ্য বিষয় "**Creativity-The Next Generation**", অত্যন্ত তাৎপর্যপূর্ণ বলে মনে করি। তরুণ প্রজন্মের মেধার বিকাশ ঘটিয়ে জ্ঞানভিত্তিক সমাজ গড়তে সৃষ্টিশীল কাজকে উৎসাহিত করতে হবে। বিশ্বের বহু দেশের জাতীয় আয়ের বড় অংশ আসে মেধাসম্পদ থেকে।

ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়তে মেধাসম্পদের বিকাশ ত্বরান্বিত করা প্রয়োজন। বিশ্ব বাণিজ্যচক্রে বাংলাদেশের অবস্থান গ্রহণযোগ্য পর্যায়ে নেয়ার উদ্দেশ্যে বর্তমান সরকার সুদৃঢ় পদক্ষেপ গ্রহণ করেছে। মেধাসম্পদ সংক্রান্ত আইনসমূহ যুগোপযোগীকরণসহ তা **TRIPS Agreement** এর সাথে সামঞ্জস্যপূর্ণকরণের জন্য বেশ কিছু কর্মসূচি গ্রহণ করা হয়েছে জেনে আমি আনন্দিত। মেধাসম্পদের যথাযথ সুরক্ষা নতুন মেধাসম্পদ সৃষ্টিকে অনুপ্রাণিত করবে। বিশ্ব মেধাসম্পদ দিবস উপলক্ষ্যে গণসচেতনতা বৃদ্ধির উদ্যোগ মেধাসম্পদ সৃষ্টির অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে সহায়তা করবে বলে আমি মনে করি। এ জন্য সরকারের পাশাপাশি সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসতে হবে।

আমি বিশ্ব মেধাসম্পদ দিবস-২০১৩ এর সার্বিক সফলতা কামনা করছি।

গোলাম মোহাম্মদ কাদের এম.পি

بسم الله الرحمن الرحيم

ওমর ফারুক চৌধুরী (এম.পি)
প্রতিমন্ত্রী
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৩ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০১৩ খ্রিস্টাব্দ

বাণী

World Intellectual Property Day-2013

আদিম সভ্যতা থেকে বর্তমান আধুনিক সভ্যতায় উত্তরণের যে ইতিহাস তার মূলে রয়েছে মানুষের সৃষ্টিশীলতা। অসংখ্য বিজ্ঞানী, দার্শনিক, শিল্পী, সাহিত্যিক, জ্ঞানী-গুণী ব্যক্তি তাদের মেধা ও সৃজনশীলতা দিয়ে আজকের সুন্দর পৃথিবী গড়েছেন। আমাদের বর্তমান প্রজন্ম মেধাসম্পদ সৃষ্টি ও তার যথোপযুক্ত ব্যবহারের মাধ্যমে নতুন ভবিষ্যতের দিকে অগ্রসর হবে বলে আমি আশা করি। আমার এ আশার প্রতিচ্ছবি আমি দেখছি এবারের বিশ্ব মেধাসম্পদ দিবসের প্রতিপাদ্য বিষয় "**Creativity-The Next Generation**", সম্পর্কিত শ্লোগানের মধ্য দিয়ে। দেশের উদ্যমী তরুণ প্রজন্মকে মেধাসম্পদ সৃজন, ব্যবহার ও তার সংরক্ষণে সচেতন করে উন্নয়নের স্বপ্ন শিখরে আরোহণের জন্য এটি একটি সময়োপযোগী আহ্বান।

বঙ্গবন্ধুর সোনার বাংলা এবং মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত "রূপকল্প-২০২১" বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল মহলসহ তরুণ সমাজ তাদের মেধা ও সৃজনশীলতা কাজে লাগিয়ে দেশের উন্নয়নে এগিয়ে আসবে বলে আমি মনে করি। সর্বোপরি তরুণরা তাদের মেধার বিকাশ, সংরক্ষণ ও উন্নয়নের মাধ্যমে আমাদের মাতৃভূমিকে একটি ক্ষুধামুক্ত দেশে রূপান্তরিত করবে এ আকাঙ্ক্ষা পোষণ করছি।

আমি মেধাসম্পদ দিবস ২০১৩ উদযাপনে উদ্যোক্তাদের স্বাগত জানাই ও এ দিবসটি পালনের সার্বিক সফলতা কামনা করি।

ওমর ফারুক চৌধুরী, এমপি

স্থপতি ইয়াফেস ওসমান
প্রতিমন্ত্রী
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

World Intellectual Property Day-2013

অন্যান্য দেশের মতো বাংলাদেশেও প্রতি বছরের ন্যায় এবারও বিশ্ব মেধাসম্পদ দিবস পালিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বিশ্ব মেধাসম্পদ সংস্থা (**WIPO**) কর্তৃক বিশ্ব মেধাসম্পদ দিবসের এবারের প্রতিপাদ্য বিষয় **"Creativity-The Next Generation"** অর্থাৎ সৃজনশীলতার পরবর্তী প্রজন্ম যা আমাদের দেশের প্রেক্ষাপটে অত্যন্ত তাৎপর্যপূর্ণ এবং তরুণ প্রজন্মকে মেধাসম্পদে পরিণত করার একটি চমৎকার আহ্বান।

আমরা আমাদের পরবর্তী প্রজন্মের জন্য প্রযুক্তি নির্ভর সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ রেখে যেতে চাই। সে লক্ষ্যেই বর্তমান মহাজোট সরকার রূপকল্প-২০২১ প্রণয়ন করেছে এবং তা বাস্তবায়নের পদক্ষেপ হিসেবে সরকার আইসিটি নীতিমালার সাথে বিজ্ঞান ও প্রযুক্তি নীতিমালা প্রণয়ন করেছে। ফলে তরুন প্রজন্মকে জ্ঞান বিজ্ঞান চর্চায় উৎসাহী এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে আরো দক্ষ করে গড়ে তোলা সম্ভব হবে বলে আমি মনে করি।

দেশের উন্নয়নকে টেকসই করতে হলে শুধুমাত্র প্রযুক্তির ব্যবহারকারী না হয়ে নিজস্ব নব নব প্রযুক্তি উদ্ভাবন করা প্রয়োজন। এ লক্ষ্যে বর্তমান সরকার মেধাসম্পদ সৃষ্টির অনুকূল পরিবেশ তৈরি এবং তা সুরক্ষা নিশ্চিতের জন্য নিরলস কাজ করে যাচ্ছে। গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ২৬ এপ্রিল, ২০১৩ খ্রিঃ তারিখে ১৩তম বিশ্ব মেধাসম্পদ দিবস উদ্‌যাপন আমাদের এ প্রচেষ্টাকে অভীষ্ট লক্ষ্যে পৌঁছাতে সহায়তা করবে বলে আমার বিশ্বাস। তবে, একটি মাত্র দিনের মধ্যে একে সীমাবদ্ধ না রেখে সাংবৎসরিক কর্মসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে।

বিশ্ব মেধাসম্পদ দিবস ২০১৩ উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সাথে আমি একাত্মতা ঘোষণা করে এর সার্বিক সাফল্য কামনা করছি।

স্থপতি ইয়াফেস ওসমান

সচিব
শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৩ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ
২৬ এপ্রিল, ২০১৩ খ্রিস্টাব্দ

বাণী

বিশ্বায়নের এ যুগে জ্ঞান-বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি গুরুত্বের প্রেক্ষাপটে বিশ্ব মেধাসম্পদ দিবসের এবারের প্রতিপাদ্য "Creativity-The Next Generation" খুবই তাৎপর্যপূর্ণ বলে আমি মনে করি। কৃষি, শিল্প, বাণিজ্য, শিক্ষা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, বিজ্ঞান ও গবেষণা, চলচ্চিত্র সঙ্গীত এবং সর্ব প্রকার জাতীয় সৃজনশীল কর্মকাণ্ড মেধাসম্পদের সাথে ওতপ্রোতভাবে জড়িত। মেধাসম্পদ লালন, সৃষ্টি ও এর যথাযথ পরিচর্যা আমাদের সকলের দায়িত্ব।

একবিংশ শতাব্দীর জ্ঞানভিত্তিক বিশ্ব-ব্যবস্থায় মেধাসম্পদ যে কোন দেশের উন্নয়নের মূল চালিকাশক্তি হিসেবে ভূমিকা পালন করতে পারে। কিন্তু নানা সীমাবদ্ধতায় আমরা মেধাসম্পদ সৃষ্টিতে পিছিয়ে আছি। মেধাসম্পদকে উৎসাহিত করার লক্ষ্যে বর্তমান সরকার একে শিল্পনীতিতে অন্তর্ভুক্ত করেছে। মেধাসম্পদ দিবসটি জাতীয়ভাবে উদ্‌যাপনের লক্ষ্যে সরকারিভাবে তালিকাভুক্ত করা হয়েছে। ইতোমধ্যে IP Policy and Strategy প্রণয়ণের উদ্যোগ নেওয়া হয়েছে। নতুন আইন হিসেবে 'ভৌগলিক নির্দেশক আইন' (GI) প্রণয়ণের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আমরা যদি দেশের কোটি কোটি মানুষের সৃজনশীলতাকে কাজে লাগাতে পারি তাহলে, আমাদের মেধাসম্পদ জাতীয় আয়ে এক বিরাট অবদান রাখতে পারে।

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর সীমিত জনবল ও অবকাঠামোর মধ্যেও মেধাসম্পদ ব্যবস্থাপনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বর্তমান সময়ের বাস্তবতায় তাদের এ কর্মকাণ্ড দেশের প্রয়োজনের তুলনায় মোটেই যথেষ্ট নয়। দেশের জনসাধারণকে মেধাসম্পদের গুরুত্ব ও তাৎপর্য উপলব্ধির জন্য এবং মেধাসম্পদ সৃষ্টি ও তার সুরক্ষার বিষয়ে উদ্বুদ্ধ করার লক্ষ্যে মেধাসম্পদ বিষয়ক সচেতনতার কর্মসূচি এক দিনের মধ্যে সীমাবদ্ধ না রেখে বছরব্যাপী অব্যাহত রাখতে হবে। ইতোমধ্যে WIPO, EU, IFC, Swiss Governmentসহ বিভিন্ন উন্নয়ন সহযোগীগণ আমাদের মেধাসম্পদ ব্যবস্থাপনায় অটোমেশনসহ বিভিন্ন উন্নয়নের জন্য এগিয়ে এসেছে। আমাদের দেশের স্বার্থকে সর্বাধিক অগ্রাধিকার দিয়ে এবং আমাদের প্রয়োজন বিবেচনায় এ বিষয়ে আমাদের দ্রুত সিদ্ধান্ত নিতে হবে।

আজ এ দিবস উদ্‌যাপনের প্রাক্কালে আমি দেশের সকল গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, শিল্পপতি, ব্যবসায়ীবৃন্দকে তাঁদের মেধা-মনন যথাযথ প্রয়োগের মাধ্যমে নব নব উদ্ভাবন ও সৃজনশীলতায় এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি।

আমি বিশ্ব মেধাসম্পদ দিবস, ২০১৩ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্

World Intellectual Property Day-2013



DG
World Intellectual Property Organization (WIPO)

Message

World Intellectual Property Day 2013

Creativity is common to the whole of humanity

Whoever we are, wherever we live, whatever our circumstances, we all have the capacity to create. And it is this human creativity and inventiveness that is responsible for improving our quality of life in every sphere: our medical care, our transport, our communication, our entertainment. The aim of intellectual property is to promote conditions that help this creativity and innovative capacity flourish across the world.

The way in which humanity expresses itself creatively has changed profoundly in the last 30 years. People are creating in ever more exciting ways. We have seen an explosion of user-generated content, and vast numbers of people coming together - through crowd-sourcing and open innovation platforms for example - to take part in collective creation. This creative collaboration is opening up rich new possibilities for humanity.

What will the next generation bring?

Director General Francis Gurry

While predicting the future is difficult, we do know that the speed of change has accelerated through recent generations. And now we see before us a whole range of new technologies with the potential to fundamentally change the way we live. That change is coming more and more quickly. The next generation will be here tomorrow.

The next developments in the life sciences, for instance, could transform our lives. Information technology, molecular biology, regenerative medicine, and even technologies such as 3D printing are coming together in and around the life sciences to generate extraordinary potential.

On World IP Day we encourage people to reflect about the role of intellectual property in our changing world. I believe there is a certain genius in intellectual property. What it does is create a unique incentive for investment in research and development, in innovation, and in cultural creation and production.

How does it do that? By creating a mechanism for buying, selling and sharing access to the benefits of innovation and cultural creation. Our challenge is to ensure that the conditions for access are fair and balanced, so that the benefits are widespread, and so that it fosters a truly dynamic, creative global society in which the next generation will thrive.

Young people have the capacity to dream in a way that far surpasses the capacity of older people. They are the future. So my message to the next generation on World IP Day is keep creating, keep innovating. And keep thinking about how IP should fulfill its role in the future social management of creativity and innovation.

Francis Gurry

Kazi Akram Uddin Ahmed
President
The Federation of Bangladesh Chambers of Commerce & Industry

বাণী

২৬ এপ্রিল ২০১৩ বিশ্বের অন্যান্য দেশের ন্যায় পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর কর্তৃক বাংলাদেশেও ১৩তম বিশ্ব মেধাসম্পদ দিবস গুরুত্বের সাথে পালিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

মুক্তবাজার অর্থনীতির আবির্ভাবের পর প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থা, নতুন নতুন প্রযুক্তি, মানুষের রুচির নিয়ত পরিবর্তনের কারণে মেধাসত্ত্বের বিষয়টি অত্যন্ত গুরুত্ব লাভ করেছে। এ বিষয়ে গোটা বিশ্ব বর্তমানে অনেক বেশী সচেতন কেননা এর উপর জাতির সমৃদ্ধি অনেকটা জড়িত। তাই WTO স্বাক্ষরকারী দেশ হিসেবে আমাদেরকে বিশ্বাসদের সাথে তাল মিলাতে এ বিষয়ে যথেষ্ট সচেতন না থাকার অবকাশ নেই।

এবারের মূল প্রতিপাদ্য **'Creativity-The Next Generation'** নিঃসন্দেহে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। মেধা সম্পদের বিকাশে মূল ভিত্তিই হচ্ছে সৃজনশীলতা। সৃজনশীলতার মাধ্যমে আমরা ভবিষ্যৎ প্রজন্মের কাছে সমৃদ্ধ ও জ্ঞানলব্ধ পৃথিবী উপহার দিতে পারব।

আমাদের দেশের আনাচে-কানাচে সমৃদ্ধ জ্ঞানভান্ডার ও মেধাসম্পদ রয়েছে। এগুলোকে যথাযথভাবে বুদ্ধিভিত্তিক সেবা সম্পদের আওতায় আনতে হবে। শুধু তাই নয় আমাদের কৃষি, ঐতিহ্য ও বিভিন্ন বিষয়ে সুদীর্ঘকাল যাবৎ যে প্রসিদ্ধি এসেছে তাঁর স্বকীয়তা নিজেদের মধ্যে ধারণ, সংরক্ষণ ও তা দ্বারা সামগ্রিক অর্জন নিশ্চিত করতে হবে।

আমি 'বিশ্ব মেধাসম্পদ দিবস-২০১৩' এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

কাজী আকরাম উদ্দিন আহমদ
সভাপতি

World Intellectual Property Day-2013

রেজিস্ট্রার
পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর
শিল্প মন্ত্রণালয়
ঢাকা

বাণী

বিশ্বের অন্যান্য ১৮৫ টি দেশের ন্যায় বাংলাদেশেও মেধাসম্পদ দিবস নানাবিধ কর্মসূচির মাধ্যমে উদযাপিত হচ্ছে। WIPO এর প্রতিষ্ঠার দিন ২৬ এপ্রিলকে সামনে রেখে ২০০১ সাল হতে এ দিবসটি পালন করা হচ্ছে। বাংলাদেশও ২০০১ সাল থেকে বিশেষ গুরুত্বের সাথে এ দিবসটি উদযাপিত হয়ে আসছে। বাংলাদেশ সরকার এ বছর হতে মেধাসম্পদ দিবসটি সরকারীভাবে উদযাপনের জন্য জাতীয় ও আন্তর্জাতিক দিবসের তালিকায় অন্তর্ভূক্ত হয়েছে। ফলে এ দিবসের গুরুত্ব ও তাৎপর্য আরও বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশ সরকারের ঘোষিত "রূপকল্প ২০২১" বাস্তবায়নে মেধাসম্পদ এক বিশেষ ভূমিকা পালন করতে পারে। বিশ্বের প্রতিটি শিল্পোন্নত বা উন্নয়নশীল দেশ মেধাসম্পদকে তাদের অর্থনৈতিক উন্নয়নে এক গুরুত্বপূর্ণ সোপান হিসেবে মনে করে এবং সে নিরিখে মেধাসম্পদকে গুরুত্ব দিয়ে থাকে। যার প্রমান আমরা দেখতে পাই মেধাসম্পদ কোন কোন দেশের জাতীয় উন্নয়নে শতকরা ৪০ ভাগেরও বেশী অবদান রাখছে। মেধাসম্পদ সৃষ্টি, সুরক্ষা এবং তার বাণিজ্যিক ব্যবহারের উপর এর গুরুত্ব নির্ভর করে। মেধাসম্পদ সৃষ্টিতে বিশ্ববিদ্যালয়সমূহের ভূমিকা অপরিসীম। অপরদিকে মেধাসম্পদ সুরক্ষার তথা নিবন্ধন প্রক্রিয়ার সাথে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর জড়িত। আবার বাজারজাতকরণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে ব্যবসায়িক সমাজ। এসব কারণে মেধাসম্পদ সৃষ্টি, সুরক্ষা ও বাজারজাতকরণের লক্ষ্যে দেশের সকল গবেষনা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, শিল্প প্রতিষ্ঠান ও সরকারের মধ্যে একটি আইন বা নীতিমালার মাধ্যমে কার্যকর যোগাযোগ স্থাপন করা জরুরী।

পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের আধুনিকায়নে নানাবিধ উদ্যোগ নেয়া হয়েছে। পেটেন্ট ও ডিজাইনের ডাটাসমূহ WIPO প্রদত্ত IPAS (Industrial Property Automation System) Software এর আওতায় আনা হয়েছে। ট্রেডমার্ক ডাটাসমূহ IPAS Software এর আওতায় আনার লক্ষ্যে কার্যক্রম শুরু হয়েছে। ঘসড়া ভৌগলিক পণ্য (GI) আইন ২০১৩, ঘসড়া পেটেন্ট আইন ২০১৩ এবং ঘসড়া ডিজাইন আইন ২০১৩ চূড়ান্ত করনের কার্যকরী পদক্ষেপ গ্রহন করা হয়েছে। আশা করা যায় এ আইনগুলি সত্বর চূড়ান্তকরণ করা সম্ভব হবে। পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের জনবল কাঠামো অচিরেই স্থায়ীকরণ করা সম্ভব হবে বলে আশা করি। ফলে দু'দশকেরও অধিককাল হতে রুদ্ধ পদোন্নতির অর্গল খুলে যাবে এবং অধিদপ্তরের অগ্রযাত্রায় এক নতুন জোয়ার সৃষ্টি হবে বলে মনে করি। ফলে অধিদপ্তরে নিয়োগকৃত জনবলের ক্যারিয়ার গঠনের সুযোগ সৃষ্টি হবে।

পরিশেষে মেধাসম্পদ দিবস উদযাপনে সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলকে কৃতজ্ঞতা ও অভিনন্দন জানাচ্ছি এবং দিবসটি পালনের লক্ষ্য অর্জিত হউক এ কামনা করছি।

মোঃ আবদুর রউফ

World Intellectual Property Day-2015

সম্পাদকীয়

আজ ২৬ এপ্রিল। বিশ্ব মেধাসম্পদ দিবস। ২০০১ সাল হতে WIPO তার প্রতিষ্ঠার দিনটিকে স্মরণীয় রাখতে সদস্যরাষ্ট্রসমূহকে ২৬ এপ্রিলকে বিশ্ব মেধাসম্পদ দিবস হিসেবে উদযাপনের জন্য আহ্বান জানায়। শুরু থেকেই বাংলাদেশ WIPO এর আহ্বানে সাড়া দিয়ে বিশেষ গুরুত্বসহকারে দিবসটিকে বিশ্ব মেধাসম্পদ দিবস হিসেবে পালন করছে।

মেধাসম্পদ দিবস উদযাপনের মূল উদ্দেশ্য মেধাসম্পদ বিষয়ে জনসাধারণকে সচেতন করে তোলা। শুধুমাত্র আনুষ্ঠানিকতার মাধ্যমে দিবসটির উদযাপন এর মূল চেতনাকেই উপহাস করে। স্বাধীনতা উত্তর কালে বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার বেশ উন্নয়ন ঘটেছে। কিন্তু আমরা এখনও স্বল্পোন্নত দেশের বৃত্ত হতে বের হতে পারি নাই। এখনও দেশের এক তৃতীয়াংশ জনগণ চরম দারিদ্র্যসীমার স্তরে বসবাস করে। বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরের লক্ষ্যে বর্তমান সরকার "রূপকল্প ২০২১" ঘোষণা করেছে এবং সে বিষয়ে বিভিন্নমুখী কার্যক্রম গ্রহণ করা হয়েছে। দেশে প্রযুক্তির ব্যবহার বাড়লেও আমরা মূলত প্রযুক্তির ব্যবহারকারী হিসেবে পরিচিত হচ্ছি। দেশের দীর্ঘ অর্থনীতির স্বার্থে নিজস্ব মেধাসম্পদ সৃষ্টি করা সহ তার প্রয়োগের মাধ্যমে প্রযুক্তির উপর পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা জরুরী। একই সাথে প্রয়োজন একটি জাতীয় মেধাসম্পদ নীতিমালার আওতায় দেশের গবেষণা প্রতিষ্ঠান- বিশ্ববিদ্যালয়- শিল্প প্রতিষ্ঠান ও সরকারের মধ্যে কার্যকর সেতুবন্ধন সৃষ্টি করে মেধাসম্পদ সৃষ্টিতে সঠিক উদ্যোগ নেওয়া।

বিশ্ব মেধাসম্পদ দিবসের এবারের প্রতিপাদ্য বিষয় হলো Creativity-The Next Generation অর্থাৎ সৃজনশীলতায় আগামী প্রজন্ম। মেধাসম্পদ তথা পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস সৃষ্টি হলে এবং তার যথাযথ ব্যবহার নিশ্চিত করা গেলে Branding সৃষ্টিসহ দেশের অর্থনীতিতে তা বিরাট অবদান রাখতে পারে। পরবর্তী প্রজন্মকে এ বিষয়ে উদ্বুদ্ধ করা গেলে অমিত সম্ভাবনার দ্বার উন্মোচিত হবে।

জ্ঞান-ভিত্তিক বর্তমান বিশ্ব ব্যবস্থায় আমাদের অবস্থান মোটেই উজ্জ্বল নয়। কিন্তু আমাদের এক গৌরবময় অতীত আছে যার কিয়দংশ এখানে উল্লেখ করা যায়। এই বাংলাদেশের মাটিতেই ঢাকা জেলার মুন্সিগঞ্জে জন্ম নিয়েছিলেন জগৎ বিখ্যাত বৈজ্ঞানিক স্যার জগদীশ চন্দ্র বসু (১৮৫৮-১৯৩৭) যিনি বিশ্ব সমাজের নিকট প্রথম প্রমাণ করেছিলেন যে উদ্ভিদের প্রাণ আছে। আর এক জন বৈজ্ঞানিক যার নাম আচার্য প্রফুল্ল চন্দ্র রায় (১৮৬১-১৯৪৪) যিনি জন্মেছিলেন বাংলাদেশের খুলনা জেলায়। তিনি আবিষ্কার করেছিলেন Murcurous Nitrites and its derivatives- যাকে বর্তমান ভারতের Pharmaceuticals Industry এর জনক ধরা হয়। তারই দেখানো পথে বর্তমানে ভারত Generic Medicine উৎপাদনে বিশ্বের প্রথম সারির একটি দেশ। বাংলাদেশের ঢাকা জেলায় জন্মেছিলেন আর এক বৈজ্ঞানিক যার নাম মেঘনাদ সাহা (১৮৯৩-১৯৫৬) যিনি আবিষ্কার করেছিলেন Theory of High Temperature Ionization of Element and its applications to stellar atmosphere, Fundamentals to Modern Astro-Physics. তিনি ১৯৪৭ সালে ভারতে নিউক্লিয়ার ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেন যা বর্তমানে মেঘনাদ নিউক্লিয়ার ইন্সটিটিউট নামে পরিচিত। আর একজন বিশ্বখ্যাত স্থপতি ড. ফজলুর রহমান যিনি বিশ্বে এফ. আর খান নামে পরিচিত। তিনি স্বল্প খরচে লোড-সহনক্ষম গোলাকার আকাশচুম্বি (Sky-Scraper) ভবন নির্মাণের সূত্র আবিষ্কার করে আকাশচুম্বি ভবন নির্মাণে যুগান্তকারী পরিবর্তন আনেন।

আমাদের সোনালী অতীতে পূর্ব পুরুষেরা জ্ঞান-বিজ্ঞানে অনন্য অবদান রাখলেও বর্তমান প্রজন্ম তেমন দৃষ্টিগ্রাহ্য অবদান রাখতে পারছে না। মেধাসম্পদ দিবস পালনের মাধ্যমে বর্তমান প্রজন্ম তাদের দায়িত্ব উপলব্ধি করে নব নব সৃষ্টিতে এগিয়ে আসলে মেধাসম্পদ দিবস উদযাপন সার্থকতা লাভ করবে। এ মহতী আয়োজনে বাণী দিয়ে, লেখা দিয়ে ও বিজ্ঞাপন দিয়ে যাঁরা সহযোগিতা করেছেন তাঁদের সকলকে আন্তরিক অভিনন্দন জানাই। অনিচ্ছাকৃত কোন ভুলত্রুটি হলে তার দায়িত্বভার বহন করছি। পরিশেষে মেধাসম্পদ দিবস উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সফলতা কামনা করছি।

আল্লাহ হাফেজ

মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী
আহ্বায়ক, স্যুভেনির উপ-কমিটি

প্রকৌশলী এস এম এনামুল হক
সদস্য-সচিব, স্যুভেনির উপ-কমিটি

World Intellectual Property Day 2013

অনুষ্ঠান সূচি ঃ ২৬ এপ্রিল ২০১৩, শুক্রবার; রূপসী বাংলা হোটেল, ঢাকা-১০০০

০৯:০০ রেজিস্ট্রেশন
০৯:৩০ অতিথিবৃন্দের আসন গ্রহণ
০৯:৩৫ পবিত্র কোরআন থেকে তেলাওয়াত
০৯:৪০ স্বাগত বক্তব্য
- জনাব মোঃ আব্দুর রউফ, রেজিস্ট্রার, পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর

০৯:৫০ বিশেষ অতিথির ভাষণ
- জনাব কাজী আকরাম উদ্দিন আহমদ , সভাপতি, এফবিসিসিআই
- জনাব আবুল কালাম আজাদ, মাননীয় সংস্কৃতি বিষয়ক মন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১০:১০ প্রধান অতিথির ভাষণ
- জনাব দিলীপ বড়ুয়া, মাননীয় শিল্পমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১০:২৫ সভাপতির বক্তব্য
- জনাব মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ, সচিব, শিল্প মন্ত্রণালয়

১০:৩২ চা-বিরতি

কার্য অধিবেশন : সেমিনার (১১:০০ - ১২:৩০ মি.)
- সভাপতি: ড. রণজিৎ কুমার বিশ্বাস, এনডিসি, সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

১১:০০ মূল প্রবন্ধ উপস্থাপক
- ড. নাঈম চৌধুরী, অধ্যাপক, ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও প্রাক্তন চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

১১:২৫ মূল প্রবন্ধের উপর আলোচনা
১২:২৫ আলোচনার সারসংক্ষেপ উপস্থাপন
১২:৩০ সেমিনারের সমাপ্তি

Programme: 26 April 2013, Friday; Ruposhi Bangla Hotel, Dhaka-1000

09:00 Registration
09:30 Guests take seats
09:35 Recitation from The Holy Quran
09:40 Address of welcome
- **Mr. Md. Abdur Rouf,** Registrar, Department of Patents, Designs and Trademarks

09:50 Address by Special Guests
- **Mr. Kazi Akram Uddin Ahmed,** President, FBCCI
- **Mr. Abul Kalam Azad,** MP, Hon'ble Minister for Cultural Affairs, Government of the People's Republic of Bangladesh

10:10 Address by the Chief Guest
- **Mr. Dilip Barua,** Hon'ble Minister for Industries, Government of the People's Republic of Bangladesh

10:25 Address by the Chairperson
- **Mr. Mohammad Moinuddin Abdullah,** Secretary, Ministry of Industries

10:32 Tea-break

Working Session: Seminar (11:00 - 12:30)
- Session Chair: **Dr. Ranjit Kumar Biswas,** *ndc*, Secretary, Ministry of Cultural Affairs

11:00 Key-note Speaker
- **Dr. Naiyyum Chowdhury,** Professor, BRAC University & Former Chairman, Bangladesh Atomic Energy Commission

11:25 Discussion on Key-note Paper
12:25 Presentation in brief of outcome of the Seminar
12:30 Closing the Seminar

World Intellectual Property Day-2013

জ্ঞান-ভিত্তিক অর্থনীতি: প্রবণতা ও সংশ্লেষ
(The Knowledge-Based Economy: Trends and Implications)

মোঃ আবদুর রউফ[1]

সূচনা-

Creativity-the Next Generation "সৃজনশীলতায়-আগামী প্রজন্ম" হচ্ছে এবারের IP Day এর মূল প্রতিপাদ্য বিষয়। সৃজনশীলতা হচ্ছে নতুন আবিষ্কার বা কোন কিছু সৃষ্টি করা। এর সাথে আগামী প্রজন্ম কিভাবে এবং কতটা ভূমিকা রাখতে পারে সেটাই হলো বিচার্য বিষয়। আগামী প্রজন্মের মধ্যে বর্তমানের তরুণ সমাজ ও অন্তর্ভুক্ত যারা আগামীতে দেশ ও জাতি গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। তাই তরুণ প্রজন্ম কি ভূমিকা রাখবে তা নির্ভর করছে তারা কতটা আধুনিক জ্ঞান ও প্রযুক্তিবিদ্যা আয়ত্ব করতে পারছে। তাই জ্ঞান ও প্রযুক্তিবিদ্যায় তাদেরকে পারদর্শী, দক্ষ বা বিশেষজ্ঞ করে গড়ে তোলার দায়িত্ব হচ্ছে আমাদের বিশ্ববিদ্যালয়সমূহের। বিশ্ববিদ্যালয়সমূহ কতটা গবেষণা নির্ভর তার উপর নির্ভর করছে আগামী প্রজন্মের প্রযুক্তিগত পারদর্শিতার বিষয়টি। জ্ঞানকে শ্রেণীভুক্ত বা codification করে মূলত ৪ (চার) ভাগে ভাগ করা হয়েছে যেমন, "কি তা জানা", "কেন, তা জানা", "কিভাবে, সেটা জানা" এবং "কে, সেটা জানা"।

আমাদের দেশের বিশ্ববিদ্যালয়সমূহে "কিভাবে, তা জানা" বিষয়টিতে তেমন গুরুত্ব না দেয়ায় নতুন আবিষ্কার বা উদ্ভাবনের ক্ষেত্রে আমরা আধুনিক বিশ্বের তুলনায় পিছিয়ে আছি। জাপান, কানাডা, আমেরিকা, বৃটেন, সুইডেন, সুইজারল্যান্ড ইত্যাদি দেশসমূহের বিশ্ববিদ্যালয়ের স্তরে আমাদের দেশের বিশ্ববিদ্যালয়গুলোকে উন্নীত করতে হবে। ঐ সব উন্নত দেশের বিশ্ববিদ্যালয়সমূহের সাথে সামঞ্জস্যপূর্ণ জ্ঞানের প্রচলন, লালন ও পরিচর্যা করা আজ আমাদের একান্ত প্রয়োজন। বিশ্বের প্রথম ২০০টি বিশ্ববিদ্যালয়ের স্তরে ও আমাদের দেশের কোন বিশ্ববিদ্যালয় নেই। সুতরাং নতুন প্রজন্মকে আধুনিক জ্ঞান ও উচ্চ প্রযুক্তিগত বিদ্যায় পারদর্শী হতে হলে আজ আমাদের বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞানের চর্চা ও গবেষণার কেন্দ্রবিন্দুতে পরিণত করা প্রয়োজন। নতুন প্রজন্ম যদি উচ্চ প্রযুক্তিগত বিষয়ে দক্ষ ও পারদর্শী হয়ে গড়ে উঠে তাহলে আমাদের দেশ ও জাতি সমৃদ্ধির পথে এগিয়ে যাবে। জ্ঞান-ভিত্তিক সমাজের ভিত্তি দৃঢ়তর হবে এবং জ্ঞান-ভিত্তিক অর্থনীতি হবে উন্নয়নের মূল চালিকাশক্তি।

"জ্ঞান-ভিত্তিক অর্থনীতি" নামের বাক্যাংশ অর্থনৈতিক উন্নয়নে জ্ঞান ও প্রযুক্তিবিদ্যার উৎকর্ষতা হতে উদ্ভুত। মানব সভ্যতা ও প্রযুক্তি বিদ্যার উৎকর্ষসাধনে জ্ঞান সর্বদাই অর্থনৈতিক উন্নয়নের কেন্দ্রবিন্দু হিসেবে স্বীকৃত। কিন্তু শুধুমাত্র বিগত কয়েক বছরে জ্ঞান ও অর্থনীতির পারস্পরিক গুরুত্ব উপলব্ধি করা হয়েছে যার ফলে এর গুরুত্ব এতো বৃদ্ধি পাচ্ছে। অতীতের তুলনায় উন্নত দেশসমূহের অর্থনীতি অধিক শক্তিশালী হয়েছে এবং যা উৎপাদনে বন্টন এবং জ্ঞানের প্রয়োগের উপর নির্ভরশীল। কম্পিউটার, ইলেকট্রনিক্স এবং মহাকাশবিদ্যা সংক্রান্ত উচ্চ প্রযুক্তি সম্বলিত শিল্পের ক্ষেত্রে উৎপাদন ও কর্মসংস্থান দ্রুততার সাথে বিকশিত হচ্ছে।

গত দশকে উচ্চ-প্রযুক্তিগত উৎপাদন এবং রপ্তানি দ্বিগুনের চেয়েও বেশী এবং উন্নত দেশ সমূহের শেয়ার প্রায় ২০-২৫ শতাংশে প্রসারিত হয়েছে। জ্ঞান-ভিত্তিক সেবার খাত যেমন শিক্ষা, যোগাযোগ এবং তথ্য অতীতের তুলনায় অধিক হারে প্রসারিত হচ্ছে। তা সত্ত্বেও এটা প্রাক্কলন করা হয় যে, উন্নত দেশসমূহের প্রধান অর্থনীতির ৫০% এর অধিক GDP ই এখন জ্ঞান-ভিত্তিক কর্মকান্ডের উপর নির্ভরশীল। এর প্রধান কারণ হিসেবে Value Addition এর তুলনামূলক বিষয়টিকে বিবেচনায় আনা হয়েছে। মূল্য সংযোজন (বা Value Addition) বিশ্লেষণে দেখা যায় বিজ্ঞানের উৎকর্ষতা সাধনের মাধ্যমে জ্ঞান ও

[1] *Joint Secretary, Govt. of Bangladesh. Now working in DPDT as Registrar, Ministry of Industries.*

প্রযুক্তিবিদ্যা প্রয়োগ করে মানুষ দিন দিন অধিকহারে লাভবান হচ্ছে। যেমন ১ কেজি তেলের মূল্য সংযোজন করা সম্ভব ০.২ ডলার অন্য দিকে ১ কেজি Aircraft engine এ ব্যবহৃত দ্রব্যের মূল্যসংযোজন করা হয় ১,০০০ ডলার এবং ১ কেজি Aerospace (satellites) দ্রব্যের মূল্যসংযোজন করা সম্ভব ৪০,০০০ ডলার পর্যন্ত।

এসব কারণে উন্নত বিশ্বে আজ উন্নত প্রযুক্তি সম্পন্ন দ্রব্যের উৎপাদন ও বিপণন বৃদ্ধি পাচ্ছে। আর অনুন্নত দেশ সমূহ এখন পর্যন্ত কৃষি অর্থনীতির উপর নির্ভরশীল।

অর্থনৈতিক উন্নয়নে আমরা বিভিন্ন বিপ্লবের কথা জানি। প্রথমে শুরু হয়েছে সবুজ বিপ্লব (Green revolution) বা কৃষি বিপ্লব (Agrarian revolution) এর পর আসে শিল্প বিপ্লব। শিল্প বিপ্লবের সময় প্রতিটি দেশ তার অর্থনীতিকে কৃষি নির্ভর থেকে উত্তরণ ঘটিয়ে শিল্প নির্ভর করে অর্থনৈতিক উন্নয়ন সাধন করেছে। কিন্তু বর্তমানে চলছে information revolution বা তথ্য বিপ্লব। এই বিপ্লবে বস্তুগত বা tangible asset এর চেয়ে intangible asset অধিক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। যেমন Genetic Engineering on DNA যেখানে কম্পিউটার প্রযুক্তি ও বিজ্ঞানে ব্যবহার করে মানুষ বস্তুগত ধারনার চেয়ে abstract ধারণার দিকে ধাবিত হচ্ছে যা সাধারণত দেখা যায়না।

বর্তমানে আরো যে গুরুত্বপূর্ণ পরিবর্তন অর্থনীতির গতিকে পরিবর্তন করে দিচ্ছে তা হলো e-commerce। এই ক্ষেত্রে কম্পিউটার প্রযুক্তি ব্যবহারের ফলে আন্তঃ বাণিজ্য ব্যাপকভাবে প্রসার এবং তা দ্রুত ও সহজতর হয়েছে।

বিশেষতঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে উচ্চ-প্রযুক্তির পণ্য বা দ্রব্য এবং সেবার খাতেই বিনিয়োগ বাড়ছে। কম্পিউটার এবং এতদসংক্রান্ত যন্ত্রপাতি তৈরীতে বিনিয়োগ এখন ঝুঁকিমুক্ত ও লাভজনক বলে বিবেচিত হচ্ছে। শ্রমশক্তি, কম্পিউটার সফটওয়্যার এবং কারিগরি দক্ষতা, গবেষণা এবং উন্নয়নে অবস্তুগত (Intangible) বিনিয়োগও সমধিক গুরুত্বপূর্ণ। উন্নত দেশসমূহে GDP এর প্রায় ২.৩ শতাংশ গবেষণার জন্য ব্যয় করা হচ্ছে। কিছুদেশ যেমন জার্মানী এবং অষ্ট্রিয়ার শিক্ষানবীশ অথবা দ্বৈত প্রশিক্ষণ (স্কুল ও কাজ সহযোগে) পদ্ধতিতে চাকুরী সম্পর্কীত প্রশিক্ষণে GDP এর সর্বোচ্চ ২.৫ শতাংশ এবং উন্নত দেশসমূহ তাদের সরকারের ব্যয়ের গড়ে ১২ শতাংশ ব্যয় শিক্ষাক্ষেত্রে নির্ধারণ করা হয়। ১৯৮০ এর মাঝামাঝি সময় হতে কম্পিউটার সফটওয়্যার ক্রম বৃদ্ধি পাচ্ছে যা কম্পিউটার হার্ডওয়্যার বিক্রয়ের পরিমানকে ছাড়িয়ে যাচ্ছে। পণ্য উন্নতকরনের খরচ, বস্তুবিজ্ঞান চর্চা এবং বিজ্ঞাপন এর ক্ষেত্রে জ্ঞান-ভিত্তিক মেধার চর্চা ব্যাপকভাবে লক্ষ্য করা যাচ্ছে।

Friedrich List অবকাঠামো এবং প্রাতিষ্ঠানিক বিষয়ে গুরুত্বারোপ করেন যা জ্ঞানের সৃজন এবং এর যথাযথ বন্টনের মাধ্যমে উৎপাদনশীল শক্তিকে উন্নয়নের অন্তর্নিহিত শক্তি হিসেবে বিকশিত করাতে সহায়তা করে। Galbraith, Goodwin এবং Hirschman এর মতো আধুনিক পন্ডিতগণ Schumpeterian অর্থনীতির গতিশীলতায় নতুনের প্রবর্তনের ধারনাকে প্রধান চালিকা শক্তি হিসেবে অনুসরণ করেছেন।

গবেষণা ও উন্নয়নে দক্ষ জনশক্তি নিয়োগ এবং শিক্ষা ও প্রশিক্ষণে বিনিয়োগ দ্বারা কারিগরি পরিবর্তন তুলনামূলকভাবে প্রান্তিক উৎপাদনশীলতা বৃদ্ধি করে এবং প্রতিষ্ঠানে নতুন কর্মপরিচালনা ও কাজের সুযোগ সৃষ্টি করে। ২০ শতকে দীর্ঘ মেয়াদী অর্থনৈতিক উন্নয়নের প্রকৃতি বিশ্লেষণে দেখা যায় যে, মানব সম্পদই দ্রুত উৎপাদন বৃদ্ধিতে মূল উপাদান হিসেবে কাজ করেছে। সে কারণে দেখা যাচ্ছে উন্নত বিশ্ব জ্ঞান বিজ্ঞান চর্চা ও লালনের ক্ষেত্রে প্রচুর বিনিয়োগ করে চলেছে।

দেখা যায় ইসরাইল, দক্ষিণ কোরিয়া, মার্কিন যুক্তরাষ্ট্র, ডেনমার্ক, সুইডেন ইত্যাদি দেশসমূহ, শিক্ষা R&D এবং Software এর উন্নয়নে প্রচুর অর্থ বিনিয়োগ করেছে। অর্থ বিনিয়োগের ফলে তাদের জ্ঞান-বিজ্ঞান তথা প্রযুক্তিগত জ্ঞানের পরিমান ও বৃদ্ধি পাচ্ছে। World Knowledge Index এ দেখা যায় ১৪৫টি দেশের মধ্যে ডেনমার্কের অবস্থান সবার শীর্ষে এবং বাংলাদেশের অবস্থান ১২৮ তম।

সার্ক দেশসমূহের Knowledge Economic Index এ দেখা যায় বাংলাদেশের অবস্থান ৫ম।

জ্ঞান-বিজ্ঞান তথা প্রযুক্তিগত উৎকর্ষতার ক্ষেত্রে বিনিয়োগ কম হওয়ার কারণে আমাদের দেশে আবিষ্কার এর সংখ্যা খুবই কম। ফলে আজ আমাদের দেশ উন্নত বিশ্বের বাজারে পরিণত হয়েছে। যে দেশ জ্ঞান-বিজ্ঞান তথা প্রযুক্তি বিদ্যায় পারদর্শী সে দেশ তত বেশী আবিষ্কার করতে সক্ষম হচ্ছে। তাই নবনব আবিষ্কারের ফলে তাদের অর্থনৈতিক ভিত্তি আজ সুদৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত। কারণ বিশ্ববিদ্যালয় বা গবেষণা প্রতিষ্ঠানগুলো তাদের গবেষণালব্ধ ফলাফল প্রয়োগ করে আবিষ্কার করছে। মেধাসম্পদ অফিস থেকে পেটেন্ট গ্রহণ পূর্বক তাদের আবিষ্কারকে সংরক্ষণ করছে এবং ব্যবসায়ী ও শিল্পপতি গোষ্ঠী নব নব আবিষ্কৃত পণ্য বাজারজাত করে লাভবান হচ্ছে। লাভের একটা অংশ পুনরায় গবেষণার ক্ষেত্রে ব্যয় করা হচ্ছে, আবার নতুন

নতুন আবিষ্কার হচ্ছে ও তা বাজারজাত করা হচ্ছে অর্থাৎ Innovation creation cycle কাজ করছে।

যে দেশ যত বেশী নতুন আবিষ্কৃত পণ্য বাজারে নিয়ে আসতে পারবে সে দেশ তত বেশী ব্যবসা করে লাভবান হতে পারবে। আন্তর্জাতিকভাবে আবিষ্কারের যে Index (Global Innovation Index) আছে তাতে সর্বোচ্চ স্থান অধিকারী দেশ হলো সুইজারল্যান্ড। বিশ্বের সর্বোচ্চ আবিষ্কারকারী ৫টি দেশ হলো সুইজারল্যান্ড, সুইডেন, সিঙ্গাপুর, ফিনল্যান্ড ও যুক্তরাজ্য।

ঐ একই Innovation Index এ SAARC ভুক্ত দেশগুলোর মধ্যে বাংলাদেশের অবস্থান তৃতীয় কিন্তু আন্তর্জাতিক ক্রমানুসারে বাংলাদেশের অবস্থান ১১২তম।

নতুন আবিষ্কারের কারণে দ্রব্যের মূল্য সংযোজন বৃদ্ধি (Value Addition) পাচ্ছে। ফলশ্রুতিতে Tangible Assest এর তুলনায় Intangible Assest এর মূল্য দিন দিন বৃদ্ধি পাচ্ছে। একটি তথ্যে দেখা যায় ১৯৭৫ সালে যেখানে Tangible Assest এর মূল্য ছিল শতকরা ৮৩% এবং Intangible Assest এর মূল্য ছিল শতকরা ১৭ ভাগ সেখানে ২০০৯ সালে এসে চিত্র সম্পূর্ণ পাল্টে যায়। অর্থাৎ Intangible Assest এর মূল্য দাঁড়িয়েছে শতকরা ৮৩% ভাগ এবং Tangible Assest এর মূল্য দাঁড়িয়েছে শতকরা ১৭ ভাগ।

একটি তথ্যে দেখা যায় জাপান ও মালয়েশিয়ার বিশ্ববিদ্যালয়সমূহ Innovation এর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিশ্ববিদ্যালয়সমূহ ও গবেষণা প্রতিষ্ঠান তাদের গবেষণার মাধ্যমে যে সকল আবিষ্কার করেন সেগুলো বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের সাথে চুক্তির মাধ্যমে বাজারজাত করণের ফলে বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানসমূহ আর্থিকভাবে লাভবান হয়ে থাকে।

যুক্তরাষ্ট্র Bayh-Dole-Act, 1980 এর মাধ্যমে গবেষক/বিশ্ববিদ্যালয়ের গবেষণার ফলাফলের অধিকার প্রতিষ্ঠার সুযোগ করে দেয়া হয়েছে। ফলে দেখা যাচ্ছে বিশ্ববিদ্যালয়সমূহে Innovation বৃদ্ধি পাচ্ছে। Bayh-Dole-Act, 1980 এর মত আইন উন্নত বিশ্বসহ অন্যান্য দেশ যেমন চীন, জাপান, যুক্তরাজ্য, জার্মানী, ডেনমার্ক, রাশিয়া, ইটালী, মালয়েশিয়া ইত্যাদি দেশে প্রচলন করা হয়েছে। ফলশ্রুতিতে বিশ্ববিদ্যালয়সমূহের গবেষকগণ গবেষণা কাজে উৎসাহ পাচ্ছেন আর্থিকভাবে লাভবান হচ্ছেন এবং বিশ্ববিদ্যালয়সমূহ আর্থিকভাবে লাভবান হচ্ছে।

জ্ঞান বৃদ্ধি এবং জ্ঞানী ব্যক্তিকে সম্মানিত করা তথা পৃষ্ঠপোষকতা করার কাজটি পশ্চিমা বিশ্ব দীর্ঘদিন যাবৎ বিভিন্নভাবে করে আসছে। যেমন কোন ব্যক্তি যদি জ্ঞান বৃদ্ধিতে অবদান রাখে তবে তাকে শুধুমাত্র আর্থিক নয়, অন্যান্য উপায়েও তাকে সম্মানিত করা হয়; পুরস্কৃত করা হয়। সৃষ্টিশীল ও জ্ঞানীকে লালন করার জন্য বৃটেনে Royal Society গড়ে তোলা হয় ১৬৬২ সালে। তেমনিভাবে রোমে Accodemia dei Lincei প্রতিষ্ঠা হয় ১৬০৩ সালে। ফ্রান্সে Academie Royale des Science প্রতিষ্ঠা হয় ১৬৬৬ সালে যাদের সদস্য সংখ্যা ১০,০০০ থেকে ১২,০০০ বিজ্ঞানী। তাঁরা ফ্রান্সের বৈজ্ঞানিক গবেষণা ও উন্নয়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। এছাড়া বৈজ্ঞানিক গবেষণা উৎসাহিত করার জন্য নেদারল্যান্ড প্রথম ১৭৫২ সালে Haarlem স্থাপন করে। The Scientific Society of Rotterdam এবং A Dutch Society of chemistry প্রতিষ্ঠালাভ করে ১৭৭০ সালে।

জার্মানী The Berlin Academy প্রতিষ্ঠা করে ১৭৭০ সালে। নেপোলিয়ানের জার্মানী দখলের সময় এরকম প্রায় ২০০ সোসাইটির কথা জানা যায়। বৃটেনে এই সকল সোসাইটির অধিকাংশ ব্যক্তি উদ্যোক্তা ও প্রাইভেট অর্থায়নে পরিচালিত হয়। অন্যান্য দেশে স্থানীয় সরকার বা কেন্দ্রীয় সরকারের অধীনে বিজ্ঞান সোসাইটি পরিচালিত হয়ে থাকে। এসকল সোসাইটি দর্শন, কৃষি, রসায়ন, প্রাণিবিদ্যা, সাধারণ ইতিহাস, জীববিদ্যা, পদার্থ বিদ্যা ইত্যাদি বিষয়ে পাবলিক বক্তৃতামালা সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন করে থাকে।

কানাডাবাসী বিশ্বাস করে কানাডার বিশ্ববিদ্যালয়সমূহ কোন শূন্যে স্থাপিত নয়। বরং শহরের প্রাণ কেন্দ্রে অবস্থিত। সেকারণে বিশ্ববিদ্যালয়সমূহেরও দায়িত্ব রয়েছে সেদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন তথা জনগণের জীবন যাত্রার মানোন্নয়নে ভূমিকা পালনের।

কানাডার অনেক বিশ্ববিদ্যালয় যেমন University of Alberta এবং Royal Roods এলাকার বিশ্ববিদ্যালয় কলেজের ব্যবসায়িক কার্যক্রম ও উদ্যোক্তাদের বাস্তবসম্মত ও প্রায়োগিক জ্ঞানের সহযোগিতা করে থাকে। Toronto University তাদের Website এর মাধ্যমে Quick Facts Page এর মাধ্যমে প্রায় ৫.৪ বিলিয়ন ডলার মূল্যের অর্থনৈতিক impact সৃষ্টি করতে সক্ষম হয়েছে এবং গবেষণা প্রযোগবিদ্যা প্রভৃতির উন্নতির ফলে প্রায় ১০৮টি কোম্পানী সৃষ্টি করতে সক্ষম হয়েছে। কানাডা বিশ্ববিদ্যালয়সমূহ undergraduate লেভেলে academic subject গুলো শিখিয়ে থাকে। তারা কখনও

"entrepreneurship" শেখায় না বরং তারা অগ্রাধিকার ভিত্তিতে উদ্যোক্তা গড়ে তোলে।

কানাডার মন্ত্রণালয়সমূহ কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহের পরিকল্পনা প্রণয়ন প্রশাসনিক নীতিমালা মৌলিক ও প্রায়োগিক গবেষণা ও ট্রেনিং এর নীতিমালার ক্ষেত্রে গবেষণা করে থাকে।

জ্ঞান-চর্চা বৃদ্ধি করার পাশাপাশি উন্নত দেশ সমূহ R&D তেও প্রচুর বিনিয়োগ করে চলেছে। তাই R&D তে বিনিয়োগের ক্ষেত্রে তারা বিশ্ববিদ্যালয় বা গবেষণা প্রতিষ্ঠান এবং ব্যবসা প্রতিষ্ঠানের সাথে যৌথভাবে কাজ করে চলেছে। গবেষণার ক্ষেত্রে অর্থ ব্যয়ের ক্ষেত্রে ব্যবসায়িক প্রতিষ্ঠান প্রায়োগিক গবেষণার ক্ষেত্রে প্রচুর সহায়তা করে থাকে। এক পরিসংখ্যানে দেখা গেছে R&D এর মোট ব্যয়ের শতকরা ৭০% পর্যন্ত ব্যয় করে ব্যবসা প্রতিষ্ঠান এবং মাত্র ৩০% ব্যয় করে সে দেশের সরকার। ব্যবসা প্রতিষ্ঠান তাদের ব্যবসায়ের প্রয়োজনে যে গবেষণা করে থাকে সেই গবেষণা লব্ধ বিষয়টিকে তারা তাদের জনগণের কল্যাণে বাজারজাত করে থাকে। ফলশ্রুতিতে তাদের ব্যবসা দিন দিন নতুন আবিষ্কার বা পণ্য নিয়ে বাজারে প্রবেশ করছে। এক্ষেত্রে জাপান, মালয়েশিয়া, আমেরিকা ও অন্যান্য উন্নত দেশসমূহ নিম্নোক্ত মডেল অনুসারে কাজ করে থাকে।

Linking Universities and Research Centers to Public and Private Sector for IP Assets in Malaysia



বাংলাদেশকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হতে হলে উন্নত দেশসমূহের মত IP সৃষ্টি, IP রেজিস্ট্রেশন এবং IP বাজারজাতকরণের ক্ষেত্রে সুসামঞ্জস্যপূর্ণ নীতিমালা থাকা প্রয়োজন। সে কারণে বিশ্ববিদ্যালয়সমূহকে আধুনিক এবং উচ্চ প্রযুক্তি নির্ভর প্রতিষ্ঠানে পরিণত করা একান্ত আবশ্যক। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ যাতে গবেষণা কাজে আত্মনিয়োগ করতে পারে তার জন্য Bayh-Dole-Act এর মত আইন প্রণয়নের পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক। আমাদের ব্যবসায়িক সমাজকেও তাদের প্রায়োগিক গবেষণার দ্বার উন্মোচন করতে হবে এবং নতুন আবিষ্কারের ক্ষেত্রে অর্থ ব্যয়ের পদক্ষেপ গ্রহণ করতে হবে যাতে করে IP সৃষ্টি হয়। IP সৃষ্টি হলে তা সুরক্ষা/রেজিস্ট্রেশন ও বাজারজাতকরণের বিষয়টি তখন গুরুত্ব পাবে। অন্যথায় আমাদের বিশ্বের বাজারে পরিণত হয়ে থাকতে হবে যা আমাদের কারোর কাম্য নয়।

- মেধাসম্পদ সৃষ্টি, সুরক্ষা ও তার সফল প্রয়োগ, জ্ঞান ভিত্তিক সমাজ গড়ার বিশেষ নিয়ামক।
- মেধাসম্পদের সুষ্ঠু ব্যবহার ডিজিটাল বাংলাদেশ গড়ার অন্যতম হাতিয়ার।

মেধাসম্পদ সৃষ্টি: সহায়ক পরিবেশ

প্রফেসর ড. এম. আহসান কবির[১]

দেশের উন্নয়ন সাধনে মেধা সৃষ্টি, লালন, সুরক্ষা ও যথাযথ ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রত্যেক মানুষ তাঁর নিজস্ব সত্ত্বা, মেধা ও জ্ঞানের অধিকারী। ব্যক্তি পরিবার, সমাজ ও জাতীয় জীবনে মেধার সঠিক প্রয়োগ করে উন্নতির চরম শিখরে আরোহন করা সম্ভব। মেধার বিকাশ ও যথার্থ ব্যবহারের মাধ্যমেই দেশের উন্নয়ণ ত্বরান্বিত হবে। জ্ঞানভিত্তিক ও শিল্প সমৃদ্ধ সমাজ বিনির্মানে মেধাসম্পদের কার্যকর প্রয়োগের কোন বিকল্প নেই। মেধার মূল্যায়ন ছাড়া মেধাবী জাতি গড়ে উঠে না। জ্ঞান-বিজ্ঞান ও তথ্য প্রযুক্তিতে সমৃদ্ধ জনগোষ্ঠী গড়ে তুলতে হলে মেধা ও সৃজনশীল চিন্তার কদর করতে হবে। প্রগতিশীল চিন্তা ও উদ্ভাবনের সুযোগ অবারিত করে সৃজনশীলতাকে উৎসাহ দিতে হবে। মানবজাতির সমৃদ্ধি ও ভবিষ্যৎ প্রতিকূলতাকে মোকাবেলার লক্ষ্যে পরিবেশ ও জলবায়ুর প্রযুক্তি উদ্ভাবনে আমাদের মনোনিবেশ করতে হবে। বর্তমান বিশ্বের অর্থ-সামাজিক কাঠামোর প্রেক্ষাপটে এলডিসি ভুক্ত দেশ হিসাবে বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক প্রবৃদ্ধির জন্য মেধাসম্পদের অনুপ্রেরণা ও সংরক্ষণের জন্য প্রয়োজন টেকসই মেধাসম্পদ ব্যবস্থাপনা। মেধাসম্পদ অধিকার সংক্রান্ত কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে সম্পাদনের লক্ষ্যে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস আইনের প্রয়োগ সহজতর ও কার্যকর করতে হবে।

সাধারণ অর্থে মেধা সম্পদ কথাটির অর্থ হলো এমন সব বস্তু বা জিনিসের উপর আইনগত অধিকার যা বুদ্ধিবৃত্তিক কার্যকলাপের ফলে সৃষ্ট- যেমন, শিল্প সংক্রান্ত, বৈজ্ঞানিক, সাহিত্য সংক্রান্ত এবং শৈল্পিক বিষয়ে। মূলত: মানুষ তার বিবেক বুদ্ধি দিয়ে কিংবা অনুশীলন বা বিনিয়োগপূর্বক যে সম্পদ প্রস্তুত বা তৈরী করে তাকেই মেধা সম্পদ বলে। দুটি প্রধান কারণে মেধাসম্পদ সংরক্ষণের নিমিত্তে দেশে বিদ্যমান আইন রয়েছে। তাদের মধ্যে প্রথমত: হলো অভিজ্ঞতা থেকে প্রাপ্ত শিক্ষাকে লিখিতভাবে প্রকাশ করার এবং সৃজনশীলতার জন্য আবিষ্কর্তাকে অর্থনৈতিক অধিকার প্রদান করাসহ জনগণকে ঐ সৃজনশীল বস্তু ব্যবহার করার অধিকারের নিশ্চয়তা প্রদান করা। অপরদিকে দ্বিতীয় কারণ হলো- সরকারী রীতিনীতি, সৃজনশীলতা এবং প্রচার বা প্রসারকে ত্বরান্বিত করা এবং ন্যায়সঙ্গত ব্যবসাকে উৎসাহিত করা যা অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে অবদান রাখবে।

মূলত: যুগের পরিবর্তন এবং চাহিদা অনুযায়েই মেধাসম্পদ আইন ব্যবসার একটি আলাদা শাখা হিসাবে প্রতিষ্ঠা লাভ করেছে। বিজ্ঞান প্রযুক্তি এবং যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নয়ন আর ব্যাপক বিকাশ ও বানিজ্যিকীকরণ-এর প্রধান কারণ। বৈজ্ঞানিক কোন কিছু আবিষ্কার করলে তা বিশ্বের যে কোন প্রান্তে বানিজ্যিকভাবে উৎপাদন করে পৌছে দেওয়া কোন কঠিন কাজ নয়। নতুন নতুন লেখনি, সংগীত, শিল্পকর্ম জনসাধারণের কাছে এখন খুবই সহজলভ্য। কিন্তু এসব ক্ষেত্রে মূল সমস্যা হলো পাইরেসী বা চুরি করে উৎপাদন। মূলত: কপিরাইটের ক্ষেত্রে এই সমস্যা সবচেয়ে বেশী। একটি বই ফটোকপি করা, সংগীত রেকর্ডিং কিংবা ভিডিও রেকর্ডিং করা খুবই সহজ একটি কাজ। ফলে এই সকল বে-আইনী ও নীতিগর্হিত কাজের দ্বারা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে ঐ কর্মটির উৎপাদন বা সৃষ্টিকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান।

বর্তমান সময়ে মানব কর্মকান্ডের সকল ক্ষেত্রে প্রযুক্তিগত বিদ্যার ব্যবহার অধিক থেকে অধিকতর দ্রুত বৃদ্ধি পাচ্ছে তাই মেধা সম্পদও একই হারে প্রসারিত হচ্ছে। শিল্পোৎপাদনের জন্য নির্মিত বিভিন্ন কলকব্জার বৈচিত্রতার নকল তৈরী প্রতিরোধ করা অথবা বিভিন্ন ধরণের অসাধু প্রতিযোগিতা প্রতিরোধ করা অথবা সুনামের অপব্যবহার রোধ করা, ব্যবসায়ের ক্ষেত্রে সুনামের মূল্যায়ণ, অসাধু উপায়ে ব্যবসা করা, উৎপাদিত পণ্যের ভিন্নিহীনভাবে নকল তৈরী, ব্যবসায়ের সুনাম মজবুত ও দীর্ঘ মেয়াদী করা ইত্যাদি বিষয় প্রতিরোধ করা এবং প্রতিকার পাওয়া এখন খুবই জটিল ও কঠিন হয়ে দাঁড়িয়েছে এবং দিন দিন কঠিনতর হয়েই চলেছে। মেধা সম্পদের অবৈধ ব্যবহার, ব্যবসা-বাণিজ্যের বিস্তারনের কারণে এখন তা আন্তর্জাতিকভাবে চলছে। মেধা

[১] প্রফেসর, আইন বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, (একটি DPDT এর রাজশাহীতে অনুষ্ঠিতব্য সেমিনারের মূল প্রবন্ধ)।

সম্পদ আইন দ্রুত বর্ধনশীল আইনের শাখাসমূহের মধ্যে অন্যতম একটি শাখা যা আজকে বাস্তবিক অর্থেই সমগ্র পৃথিবীতে বিরাজমান। ইন্টারনেট কিংবা দৃশ্যমান অধিকারের ব্যাপকতা চতুর্দিকে ব্যাপ্ত হওয়ায় বিষয় দুইটি মেধাসম্পদের নতুন শাখা হিসাবে আত্মপ্রকাশ করেছে।

মেধাসম্পদ অধিকার রক্ষায় সরকারী নীতির লক্ষ্য হলো একটি সমৃদ্ধ, বৈচিত্রপূর্ণ ও প্রতিযোগিতামূলক বাজার নিশ্চিত করা। উদ্ভাবক, বিজ্ঞানী, লেখক, শিল্পী, ব্যবসায়ী ও সংশ্লিষ্টদের মেধাসম্পদের অধিকার নিশ্চিত করা গেলে বিভিন্ন আবিষ্কারের ক্ষেত্রে উদ্যোক্তারা যে বিনিয়োগ করেন তা উঠে আসবে। এর ফলে তারা ভবিষ্যতে আরও নতুন নতুন কাজ করতে, বিভিন্ন পণ্য ও সেবার উদ্ভাবনে নিজেদের মেধা ও সময় আরো বেশী মাত্রায় নিয়োজিত করতে উৎসাহ বোধ করবেন।

যদি মেধাসম্পদ অধিকার রক্ষায় বিষয়টি আইনের মাধ্যমে সুরক্ষিত হয় এবং ঐ আইন যথাযথভাবে প্রয়োগ করা হয় তাহলে উদ্ভাবকের নিজ দেশ, সরকার ও সমাজ উপকৃত হয়। যেহেতু যারা চৌর্যবৃত্তি করে কিংবা যারা অন্যের স্বত্ব বে-আইনীভাবে লঙ্ঘন করে বা যারা বিভিন্ন বিষয় নকল করে তারা সরকারকে কোন কর দেয় না বা জাতির প্রতিও কোন সম্মান বা দায়বদ্ধতা দেখায় না। তাই মেধাসম্পদ অধিকার রক্ষায় আইনের কার্যকর এবং শক্তিশালী প্রয়োগই বিনিয়োগের জন্য আকর্ষণীয় পরিবেশ তৈরী করে। আইনের এই প্রয়োগ দীর্ঘমেয়াদী হতে হবে, যা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য অতি জরুরী।

বর্তমানে বুদ্ধিবৃত্তিক সম্পদ আইনের পরিধি অত্যন্ত ব্যাপক। আমরা জানি প্যাটেন্ট, ডিজাইন, ট্রেডমার্ক, কপিরাইট, বিশ্বস্ত তথ্য, লো-গো প্রভৃতি বুদ্ধিবৃত্তিক সম্পদ আইনের আওতাভুক্ত সম্পত্তি। এ সকল সম্পত্তি সংরক্ষণ এবং এসব অধিকার লংঘনের বিরুদ্ধে প্রতিকার বিধান করাই এই আইনের অন্যতম প্রধান কাজ। প্রযুক্তি ও বিজ্ঞানের প্রসারের ফলে এই আইনের পরিধি আরও বেড়েই চলেছে। কারণ অতীতে দেখা গেছে মানুষ কোন নতুন কর্ম সৃষ্টি করলে তার সুফল তিনি তেমন একটা ভোগ করতে পারতেন না অথবা তার সৃষ্টিকর্ম কোনরূপ স্বীকৃতি পেতো না বা চাপা পড়ে থাকতো। একদা চিরন্তন যে মানুষ কাজ করে কিছু লাভের আশায়। বর্তমানে মানুষের বুদ্ধিবৃত্তিক কাজগুলো আইনগতভাবে স্বীকৃতি পাওয়ায় বুদ্ধিবৃত্তিক সম্পদ আইনের গুরুত্ব অনেক বেড়ে গেছে। ফলে মানুষ নতুন নতুন কর্ম সৃষ্টিতে উৎসাহিত হচ্ছে এবং নতুন নতুন কর্ম পৃথিবীর সামনে বেরিয়ে আসছে, যাতে পৃথিবীর আম-জনতা সহ কর্মটির আবিষ্কর্তাও অর্থনৈতিকভাবে ব্যাপকভাবে উপকৃত হচ্ছে।

যেহেতু বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ সেহেতু স্বাভাবিক কারণে ট্রেডমার্ক, প্যাটেন্ট এবং কপিরাইট আইন স্বাধীনতার পর খুব বেশী উন্নত বা আধুনিক ছিল না এবং এই সমস্ত আইনের প্রয়োগও ছিল সংকুচিত। বুদ্ধি সর্বদাই জ্ঞান সঞ্জাত এবং জ্ঞান যেখানে অবিকশিত সেখানে বুদ্ধির প্রকাশ আশা করা যায় না। তবে উন্নয়নের সাথে সাথে এই সব আইনের আধুনিকায়নের প্রচেষ্টাও বাংলাদেশ সরকার গ্রহণ করেছে।

প্যাটেন্ট হলো একটি দলিল, যা সরকারী কর্মকর্তা কর্তৃক আবিষ্কারকের আবেদনের ভিত্তিতে জারি করা হয়, যা আবিষ্কার সম্পর্কে একটি বর্ণনা পেশ করে। যার ফলে প্যাটেন্টকৃত আবিষ্কার পেটেন্টকে মালিক কর্তৃক কর্তৃত্বপ্রাপ্ত হয়ে উৎপাদন, ব্যবহার, বিক্রয় ও আমদানি করা যায়। প্যাটেন্টের ফলে সীমিত সময়ের জন্য অর্থাৎ ১৫ থেকে ২০ বছরের জন্য অধিকার সংরক্ষণের মেয়াদ থাকে। আবিষ্কার বা ইনভেনশন প্রযুক্তির জগতে একটি সুনির্দিষ্ট সমস্যার সমাধানের নাম। আবিষ্কার একটি পণ্য উৎপাদন বা পণ্য উৎপাদনের প্রক্রিয়ার সাথে সম্পর্কিত হতে পারে। আবিষ্কার নতুন হলে উহা প্যাটেন্টের জন্য যোগ্য বলে বিবেচিত হয়। শিল্পক্ষেত্রে উক্ত আবিষ্কারের প্রায়োগিকতা থাকলেও উহা প্যাটেন্টের যোগ্য বলে বিবেচিত হবে।

প্যাটেন্ট শিল্পসম্পদেরই ভিন্ন রূপ অথবা বর্তমানে যে অভিধানটি বেশ ব্যাপকভাবে ব্যবহৃত হয় অর্থাৎ ইহা ইন্টেলেকচুয়াল প্রপার্টি বা বুদ্ধিবৃত্তিক সম্পদ। প্যাটেন্টের মালিক এই সম্পত্তিটি বিক্রয় করতে পারে। তিনি প্যাটেন্টকে ব্যবহারের জন্য অন্যকে লাইসেন্স প্রদান করতে পারেন। প্যাটেন্টের আওতায় ন্যস্ত সম্পত্তি অন্যান্য বিভিন্ন প্রকৃতির সম্পত্তির মতই। নতুন ও প্রয়োজনীয় বস্তু অথবা বিদ্যমান বস্তুর উন্নত সংস্করণ অথবা একটি বস্তু উৎপাদনের জন্য একজন ব্যক্তিকে দেওয়া একচেটিয়া অধিকার হলো প্যাটেন্ট। সীমিত সময়ের জন্য আবিষ্কৃত পদ্ধতি মোতাবেক প্রস্তুতকৃত বা উদ্ভাবিত নতুন বস্তু তৈরির একক অধিকার প্যাটেন্ট কর্তৃক প্রাপ্ত হয়। প্যাটেন্টের সময়সীমা অতিক্রান্ত হলে যে কেউ উক্ত আবিষ্কার ব্যবহার করতে পারে।

ট্রেডমার্ক হলো একটি চিহ্ন বা প্রতীক, যা একটি পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের পণ্যকে অন্য একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের পণ্য থেকে আলাদা করে। আর পণ্য হলো ঐ বস্তু, যা বিক্রি হয় এবং উক্ত উদ্দেশ্যে উক্ত পণ্যকে অন্য যে কোন পণ্য থেকে আলাদা করা যায়। পণ্যকে ট্রেডমার্ক দিয়ে বিক্রির প্রস্তাব করা হলে তা ভোক্তার পছন্দকে ব্যাপকভাবে প্রভাবিত করে, কারণ ট্রেডমার্ক দেখেই সুনির্দিষ্ট পণ্যকে বাছাই করে নিতে পারে।

ট্রেডমার্কের সাথে সম্পর্কিত হলো সার্ভিস মার্কস। ট্রেডমার্কস যেখানে পণ্যের সাথে সম্পর্কিত, সেখানে সার্ভিস মার্কস সেবা মূলক ব্যবসা বা বানিজ্যের সর্বজ্ঞাপক। যেমন, গাড়ীর যে কোন যন্ত্রাংশে মেরামত সংক্রান্ত সেবা প্রদান, ইন্সুরেন্স সেবা কিংবা অ্যাম্বুলেন্স সেবা ইত্যাদি এ জাতীয় সেবার মধ্যে পড়ে। সাম্প্রতিক বছরগুলোতে আন্তর্জাতিক অঙ্গনে সেবা খাতের গুরুত্ব যথেষ্ট বৃদ্ধি পেয়েছে, আর তাই সার্ভিস মার্কস বা সেবা চিহ্ন একটি গুরুত্বপূর্ন বিষয়ে পরিনত হয়েছে।

কালেক্টিভ মার্কস বা সমন্বিত মার্কস আরেকটি আলোচিত অভিধান। একটি এন্টারপ্রাইজের দল বা সংগঠন কালেক্টিভ মার্কস বা সমন্বিত চিহ্ন ধারণ করে; উক্ত চিহ্ন ঐ সকল এন্টারপ্রাইজের উৎপাদিত বা সরবরাহকৃত নির্দিষ্ট কোন দল বা সংগঠনের মধ্যে সীমাবদ্ধ থাকে না, বরং ইহার সাথে সম্পর্কিত যে কোন শর্ত পালন করার শর্তে তা ব্যবহার করা যায়।

পৃথিবীর এমন কোন দেশ নেই যেখানে ট্রেডমার্কের ব্যবহার নেই, এমন কি সংরক্ষণের নায্যতাজনক কোন অভাব নেই। রেজিস্ট্রেশন বা নিবন্ধনের দ্বারাই সাধারণতঃ ট্রেডমার্ক ব্যবহার করা হয়, কিন্তু স্বল্পসংখ্যক দেশে কোন একটি পণ্যের প্রথম ব্যবহার দ্বারাই একক অধিকার নিশ্চিত করা হয়। যেক্ষেত্রে নিবন্ধিত ট্রেডমার্ক নির্দিষ্ট সময় অতিক্রান্ত হলে নবায়নের মাধ্যমে পুনঃব্যবহার করা হয়, সেক্ষেত্রে প্যাটেন্ট, নিবন্ধিত নকশা ও কপিরাইটের অধিকার নির্দিষ্ট সময় পর্যন্ত বহাল থাকে।

ট্রেডমার্ক আইন, ২০০৯ এ ট্রেডমার্কের সংজ্ঞা, ব্যাপকতা, দণ্ড ও বিধি বিষয় সন্নিবেশিত হয়েছে। ট্রেডমার্ক সংশ্লিষ্ট বেশ কয়টি আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয় এবং অধিকাংশ দেশ সম্মেলনে উত্থাপিত ঘোষণাপত্রে স্বাক্ষর করে।

একটি দেশের উন্নয়ন কতগুলো উপাদানের উপর নির্ভরশীল। প্রধান উপাদানগুলোর মধ্যে রয়েছে উন্নত প্রযুক্তির সন্নিবেশ ও আত্তীকরণের এবং দেশীয় আবিষ্কারের স্পন্দন ও সৃষ্টিশীল উৎপাদনের নিয়ত সফলতা। বাণিজ্যিক পরিবেশের প্রভাবেই প্রাযুক্তিক উন্নয়ন শীর্ষতায় এগিয়ে যেতে পারে। আধুনিক পরিবেশকে আত্মস্থ করে অভ্যন্তরীণ বাণিজ্যিক পরিবেশগত সমৃদ্ধি দ্বারা অর্থনৈতিক উন্নয়ন সুনিশ্চিত করতে একটি কার্যকর ট্রেডমার্ক ব্যবস্থার অবদান অসামান্য।

দেশীয় পণ্য সেবার ক্ষেত্রে ট্রেডমার্কের ব্যবহার দ্বারা পণ্য ও সেবার গুণগত মানে বৈচিত্র্য আসে। এর ফলে স্থানীয় জনগণের জীবন মান কেবল বৃদ্ধিই পায় না, ট্রেডমার্ক যুক্ত পণ্যের ক্রমবর্ধমান চাহিদা পূরণের জন্য কাঁচামালের চাহিদাও বৃদ্ধি পায়। বিশেষ করে বাজার অর্থনীতিতে আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে বাজারে থাকা পণ্য সম্পর্কে ভোক্তার পূর্ব অবহিত হওয়ার উপর। ট্রেডমার্কের ফলে ভোক্তারা সাশ্রয়ী পদ্ধতিতে পণ্য সম্পর্কিত বাঞ্ছিত তথ্য পেতে পারে, বিশেষ করে অশিক্ষা এবং তথ্যপ্রাপ্তি সম্পর্কে বিভ্রম পথ নানাভাবে রুদ্ধ হয়ে থাকে।

কপিরাইট বস্তুটি কি, তা কপিরাইট আইনে স্পষ্ট করে বলে দেয়া হয়েছে। এর বাহির কোনো কিছুকে কপিরাইট বলে দাবী করা যায় না। আইনে যেখানে সংজ্ঞা দেয়া আছে, সেখানে সংজ্ঞার বাইরের কোনো কিছুকে আইন স্বীকৃতি দেয় না। কপিরাইট হচ্ছে একচ্ছত্র স্বত্ব বা অধিকার। সাহিত্যকর্ম, নাট্যকর্ম, সঙ্গীতকর্ম আইনে ব্যাপক অর্থ বহন করে। সাহিত্যকর্ম বলতে শুধু নাটক, নভেল, কবিতা, ছোটগল্প, প্রবন্ধ, রম্যরচনা, সমালোচনা প্রভৃতি বুঝায় না, এর এলাকা অনেক বড়ো। মানবিক, ধর্মীয় সামাজিক এবং বৈজ্ঞানিক সকল কর্ম সাহিত্যকর্মের অন্তর্ভুক্ত; এগুলির তালিকাও সাহিত্যকর্মের মধ্যে পড়ে। বিজ্ঞানের বই, বা ডাক্তারী গ্রন্থ, এ সবই সাহিত্যকর্ম। সাধারণ মানুষের মধ্যে এমন ধারণা দেখা যায় যে, সাহিত্যকর্ম বলতে শুধু রসাত্মক সৃষ্টিই বুঝায়। আইনের চোখে এই ধারণা ঠিক নয়। যা রস বিতরণ করে তা নিশ্চয়ই সাহিত্য; জ্ঞান বা খবর যা বিতরণ করে, তাও সাহিত্য।

কপিরাইটের যিনি মালিক, এই অধিকারসমূহ ভোগ করার অধিকার তাঁর একক। অন্য কেউ এই অধিকার রাখেন না। এই অধিকার ভঙ্গ করে কেউ যদি কোনো কর্ম প্রকাশ করে বা জনসাধারণকে দেখায় বা শোনায় তাহলে সেই অধিকার ভঙ্গকারী ব্যক্তি দণ্ডযোগ্য অপরাধে অপরাধী হবেন। তাছাড়া, এই প্রকাশ বা পরিকৃতি আইনের চোখে প্রকাশ বা পরিকৃতি বলে গণ্য হবে না।

- ***বাংলাদেশ কর্তৃক স্বাক্ষরিত মেধাসম্পদ বিষয়ক আন্তর্জাতিক সনদসমূহঃ***
- ১৮৮৬ সালের বার্ন কনভেনশনে বাংলাদেশ স্বাক্ষর প্রদান করে ৪ই মে, ১৯৯৯।
- WTO কর্তৃক প্রতিষ্ঠিত Agreement এ স্বাক্ষর দেয় ১লা জানুয়ারী ১৯৯৫।
- ১৯৯৪ সালের TRIPS Agreement –এর স্বাক্ষর দেয় ১লা জানুয়ারী ১৯৯৫।
- ১৮৮৩ সালের প্যারিস কনভেনশনে বাংলাদেশ ৩রা মার্চ ১৯৯১ সালে স্বাক্ষর করে।
- WIPO কনভেনশনে স্বাক্ষর দেয় ১১ই মে, ১৯৮৫ সালে।

ইউনিভার্সাল কপিরাইট কনভেনশনে বাংলাদেশ স্বাক্ষর দেয় ৫ই আগষ্ট ১৯৭৫ সালে।

বর্তমান সরকার মেধাসম্পদ বিকাশ ও সংরক্ষণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেছেন এবং মেধাসম্পদ আইনসমূহের সংস্কার করেছেন। ১৯৪০ সালের ট্রেডমার্ক এ্যাক্ট-এর পরিবর্তে ট্রিপস্ এগ্রিমেন্টের বাধ্যবাধকতাসমূহ কার্যকর করনের লক্ষ্যে ২০০৯ সালে নতুন ট্রেডমার্কস এ্যাক্ট পাশ করা হয়। ট্রেডমার্কস রুলস -ইতিমধ্যেই ড্রাফট করা হয়েছে এবং তা পরীক্ষণের জন্য আইন ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। জিওগ্রাফিক্যাল ইনডিকেশনস্ এ্যাক্ট-বা জিআই ল -এর ড্রাফট করা হয়েছে যা পার্লামেন্টের সম্মুখে উপস্থাপনের অপেক্ষায় আছে। বর্তমানে খসড়া আইনটি অনলাইনে দর্শক মতামতের জন্য রাখা আছে। ২০১২ সালের ইন্ডাস্ট্রিয়াল ডিজাইন এ্যাক্ট ড্রাফট করা হয়েছে এবং আইনটি স্ক্রটিনির জন্য শিল্প মন্ত্রণালয়ের নিকট প্রেরণ করা হয়েছে। ট্রিপস এগ্রিমেন্টের বিধানাবলীর পূরণের লক্ষ্যে ১৯১১ সালের প্যাটেন্ট ও ডিজাইন এ্যাক্ট-এর স্থলে ডিপার্টমেন্ট অব প্যাটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস কর্তৃক নতুন প্যাটেন্ট আইন, ২০১২ পূর্ণাঙ্গরূপে ড্রাফট করা হয়েছে।

আন্তর্জাতিক বাণিজ্যে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ পারিপার্শ্বিকতা বিরাজ করার কারণে শিল্প পরিকল্পনা ও পূর্বাভাস প্রদানের বিষয়টি যথেষ্ট গুরুত্ব পাচ্ছে। শিল্পায়নের নীতি সফলভাবে বাস্তবায়নের জন্য কৌশলগত পরিকল্পনার বিষয়টি গুরুত্বের সাথে চিন্তা করা হয়। প্যাটেন্ট থাকার কারণে কোন একটি প্রযুক্তি নকলের ব্যাপারে সকলেই সতর্ক থাকে; ফলে সকল পক্ষই সচেতনভাবে নতুন আবিষ্কারে মনোনিবেশ করে। এর ফলে উদ্যোক্তারা নতুন আবিষ্কারে অর্থ বিনিয়োগ করতে বাধ্য হয়।

প্যাটেন্ট সংক্রান্ত যাবতীয় পরিসংখ্যান নথিপত্রে সংযুক্ত থাকে বলে শিল্পনীতি নির্ধারণ করা শিল্প প্রাযুক্তিক গতি প্রকৃতি আঁচ করতে পারে এবং খুবসহজেই প্রযুক্তি বেছে নিয়ে পৃথিবীর বিভিন্ন দেশ শিল্প ক্ষেত্রে কি কি ভূমিকা পালন করছে, তা জানতে পারে। এইসব পরিসংখ্যানগত তথ্য ভবিষ্যতের শিল্প উন্নয়নের নীতির পূর্বাভাস জ্ঞাপন করে এবং বাজারে কোন প্রযুক্তির চাহিদা কেমন রয়েছে তা জেনে নীতি নির্ধারকরা বিনিয়োগের সম্ভবনা যাচাই করতে পারে।

বুদ্ধিবৃত্তিক সম্পদ অধিকার রক্ষায় বিষয়টি বর্তমান বিশ্বে অন্যতম আন্তর্জাতিক পলিসি এজেন্ডা হিসাবে চিহ্নিত করা যায়। ট্রিপস এগ্রিমেন্টের সূচনালগ্ন থেকেই অনেক উন্নয়নশীল দেশের অর্থনৈতিক কর্মকান্ডকে শক্তিশালী করার লক্ষ্যে নানা ধরনের বুদ্ধিবৃত্তিক সম্পদ আইনসমূহ প্রণয়ন করা হয়। কারণ এই সমস্ত উন্নয়নশীল দেশ অনুধাবন করেছে বুদ্ধিবৃত্তিক সম্পদের শক্তিশালী ও কার্যকরী আইনের অভাব তাদেরকে নানামুখী সুবিধা পাওয়া থেকে বঞ্চিত করবে এবং যার পরিনামে তাদের দেশ চরম ক্ষতির সম্মুখীন হবে।

বর্তমানে বাংলাদেশের অর্থনৈতিক প্রেক্ষাপটে গবেষণার সাথে সরকার, গবেষক এবং ব্যবসায়ী সংস্থাসমূহের পারস্পরিক সম্পৃক্ততাও বিষয়টি বিশেষ গুরুত্ব সহকারে দেখা হয়। রিসার্চ ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত গবেষকদের নির্দিষ্ট গবেষণাকৃত বিষয়বস্তু ঠিক করে দিতে হবে এবং সেখানে অর্থসংস্থান করবে সরকার এবং বিভিন্ন ব্যবসায়ী সংস্থা। বিশ্বের বিভিন্ন দেশে সরকার এবং ব্যবসায়ী সংস্থাসমূহের গবেষণা কর্মে অর্থ সংস্থাপনের অনুপাত ৩০ ঃ ৭০ নির্দিষ্ট টার্গেট সম্মুখে নিয়ে গবেষণা প্রতিষ্ঠানগুলো তাদের গবেষণা কার্য সম্পাদন করবেন এবং পরবর্তীতে সেই গবেষণা কর্মটির প্যাটেন্ট অধিকার কর্তৃক প্রদত্ত হওয়ার পর সেটি ব্যবসায়ী সংস্থাসমূহ বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদন করবেন। গবেষণা খাতে যে অর্থ সরকার এবং ব্যবসায়ী সংস্থা কর্তৃক প্রদান করা হয় পরবর্তীতে প্যাটেন্ট অর্জনের পর অর্জিত অর্থ তারা পুনরায়ভাবে নতুন গবেষণার কাজে ব্যয় করতে অনুপ্রানিত হয়। একটি কার্যকর আই পি স্ট্র্যাটেজি নিরূপনের ক্ষেত্রে বিজনেস স্ট্র্যাটেজি এবং আরএন্ডডি স্ট্র্যাটেজি এর মধ্যে সমন্বয় সাধন করা অতি জরুরী। বিজনেস স্ট্র্যাটেজি এর মধ্যে গুরুত্বপূর্ণ হলো আইপি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করা এবং সেগুলোর দ্বারা পরবর্তীতে নতুন ব্যবসার ক্ষেত্র তৈরী করা কিংবা অন্যান্য কোম্পানীগুলোর সাথে একত্রিতভাবে ব্যবসার ক্ষেত্র প্রস্তুত করা। অন্যদিকে আর এন্ড ডি এর মূল পরিকল্পনার মধ্যে থাকবে এই সকল আইপি সম্পর্কিত তথ্যগুলো বিশ্লেষণপূর্বক সেগুলো প্রয়োগ করার ক্ষেত্রে কোম্পানীগুলো কারিগরীগত প্রস্তুতি কতখানি তা পরীক্ষা করা।

বিশ্বের উন্নত দেশগুলোর মধ্যে জাপানের উদাহরণ আমরা বলতে পারি। জাপানে সরকার এবং ব্যবসায়ী সংস্থাসমূহ গবেষণাকাজে অর্থ সংস্থান করে থাকে। যার ফলে গবেষণা কর্মে আর এন্ড ডি ইনস্টিটিউটগুলো কখনো অর্থের সংকটে পড়েনা এবং নিয়মিত নতুন নতুন আবিষ্কার তারা করতে সমর্থ হয় এবং প্যাটেন্টের সংখ্যাও দ্রুত বৃদ্ধি পায়। বর্তমানে একই নীতি অনুসরন করে চীন ও ভারতও অর্থনৈতিকভাবে ব্যাপক লাভবান হচ্ছে। কিন্তু বাংলাদেশে এই ধরনের গবেষণাকর্মে সরকার ও ব্যবসায়ী সম্প্রদায়ের অর্থ যোগান দানের বিষয়টি খুবই অপ্রতুল কিংবা গবেষণার নির্দিষ্ট কোন টার্গেট ঠিক না করেই অর্থ প্রদানের বিষয়টি সম্পাদিত হয়ে থাকে ফলে প্রদত্ত অর্থের সঠিক ব্যবহার অনেক সময়ই অর্জিত হয়না কিংবা গবেষণাকর্ম থেকে অর্থনৈতিকভাবে ফলপ্রসূ কোন ইনভেনশনও বের হয়ে আসে না।

বর্তমানে উন্নয়নশীল দেশগুলোর অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যে আমদানী এবং রপ্তানীর মধ্যে যে পার্থক্য সেটি দূর করা জরুরী এবং এই ক্ষেত্রে আইপি এর ভূমিকা যথেষ্ট। যেমন আমাদের দেশে প্রয়োজনীয় এমন প্রযুক্তির ব্যবহার করে (পেটেন্ট বিহীন) নিজের দেশেই সেই সকল পণ্য উৎপাদন করে সেইগুলোর জন্য বিদেশের উপর নির্ভরশীলতা কমাতে হবে যাতে করে বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা যায়। সরকারকে প্রযুক্তির ব্যবহারের উপর সর্বোচ্চ গুরুত্ব প্রদান করে বিভিন্ন ধরনের গবেষণা প্রতিষ্ঠান ও কারখানা স্থাপন করতে হবে। ব্যবসায়ী সম্প্রদায়কেও এক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। সরকার, ব্যবসায়ী সংস্থা ও গবেষণা প্রতিষ্ঠানসমূহের সমন্বিত পরিকল্পনা ও সহযোগিতা আমাদের দেশে আইপি নির্ভর শিল্প পরিবেশ উন্নত করতে পারে এবং যার ফলে বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন সম্ভব। অবশ্য পেটেন্ট ইনভেনশন বেশি হলে সেইগুলো থেকে প্রাপ্ত রাজস্ব আদায়ের ক্ষেত্রেও সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

এই প্রসঙ্গে মালয়েশিয়ার আইপি পলিসির মূল স্ট্র্যাটেজিগুলো বিশেষভাবে উল্লেখ্য-

গবেষকদের অর্থনৈতিক সুযোগ সুবিধাগুলো প্রদান করা।

শিল্প এবং বিশ্ববিদ্যালয় সমূহের মধ্যে সহযোগীতা বৃদ্ধি করা।

বিশ্ববিদ্যালয় এবং বেসরকারী সেক্টরের মধ্যে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে জনবল তৈরি করে তার বানিজ্যিকরণ।

ইনভেনসন সোসাইটি তৈরী উদ্বুদ্ধকরণ।

আইপি সংক্রান্ত মালয়েশিয়ান সরকার কর্তৃক গৃহীত কার্যক্রমগুলো বাংলাদেশের আইপি পরিবেশ উন্নত করার জন্য বিশেষভাবে উপযোগী বলে ধরে নেওয়া যায় যা বাংলাদেশ সরকার অনুসরন করতে পারে।

মেধাসম্পদ সৃষ্টিতে সহায়ক পরিবেশ সম্পর্কিত করণীয় কার্যক্রম:

- সার্বজনীন বৃহৎ পরিসরে আইপি পলিসি এবং স্ট্র্যাটেজি নির্ধারণ করতে হবে। সেক্ষেত্রে সরকার, গবেষক এবং ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে পারস্পরিক স্ট্র্যাটেজি নির্ধারণ করে সহযোগীতার পরিবেশ বাড়াতে হবে।
- একটি পূর্ণাঙ্গ আইপি ট্রেনিং ইনস্টিটিউট জরুরী ভিত্তিতে প্রতিষ্ঠা করতে হবে।
- বর্তমানে প্রচলিত আইপি আইন এবং বিধিসমূহ ট্রিপস এগ্রিমেন্টের সাথে সামঞ্জস্যপূর্ণ করণের লক্ষ্যে আধুনিক ও আপডেট করতে হবে।
- বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে মেধাসম্পদ আইনগুলোর প্রয়োগ কঠোর করতে হবে।
- বাণিজ্যিক উন্নয়নের লক্ষ্যে টেকনোলজি ট্রান্সফার-এর পর্যাপ্ত সুযোগ সৃষ্টি করতে হবে।
- বিশ্ববিদ্যালয়গুলোতে বিভিন্ন বিষয়ে আইপি কোর্স চালু এবং বিষয়টির ব্যবহারিক প্রয়োজনীয়তা সম্পর্কে বিভিন্ন ইনভেন্টর, ইনোভেটরস, বিজনেস কম্যুনেটিসহ সাধারন মানুষদের নিয়ে সেমিনার সিম্পোজিয়ামের আয়োজন করতে হবে।
- দেশের বিভিন্ন স্থানে রিসার্স এবং ডেভেলপমেন্ট সেন্টার (আরএন্ডডি) গড়ে তোলার মাধ্যমে যুব সম্প্রদায়কে ইনভেনটিভ এবং ক্রিয়েটিভিটির দিকে উদ্বুদ্ধ করতে হবে।

● **মেধাসম্পদ সৃষ্টি, সুরক্ষা ও তার সফল প্রয়োগ জ্ঞান-ভিত্তিক সমাজ গড়ার বিশেষ নিয়ামক।**

মেধাসম্পদ আইনের সংক্ষিপ্ত ইতিহাস ও মেধাসম্পদের অপরিহার্যতা ঃ মেধাসম্পদ অফিসের আর্তনাদ!

প্রকৌশলী এস এম এনামুল হক[১]

মেধাসম্পদ আইনের সংক্ষিপ্ত ইতিহাস ঃ

মেধাসম্পদ (মূলতঃ পেটেন্ট, ডিজাইন, ট্রেডমার্ক ও কপিরাইট)-এর ধারনা বেশ প্রাচীন কাল হতেই। নিকট অতীতে প্রণীত Industrial Property (পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক) বিষয়ক Paris Convention 1883 এবং Copyright বিষয়ক Berne Convention 1886-এর মাধ্যমে মেধাসম্পদ বিষয়টি সুবিন্যস্তভাবে পরিচালিত হয়। যদিও প্রয়োজনীয়তার নিরিখে বিভিন্ন সময়ে Paris Convention এবং Berne Convention-এর বিভিন্ন Article এর পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজন ঘটেছে। বৃটিশ ভারতের অংশ হিসেবে ঐতিহাসিকভাবে এদেশে পেটেন্ট ও ডিজাইন আইন ১৯১১ ও ট্রেডমার্ক আইন ১৯৪০ কার্যকর হয়। দেশ বিভাগের পর পাকিস্তান আমলে এ আইন দুটি হুবহু কার্যকর থাকে। পাকিস্তান আমলে মেধাসম্পদ বিষয়ক অপর শাখা, কপিরাইট বিষয়ক কপিরাইট অর্ডিন্যান্স ১৯৬২ সালে প্রবর্তিত হয়।

বাংলাদেশের স্বাধীনতার পর পাকিস্তান আমলে চালু থাকা পেটেন্ট ও ডিজাইন আইন ১৯১১, ট্রেডমার্ক আইন ১৯৪০ এবং কপিরাইট অর্ডিন্যান্স ১৯৬২ হুবহু বাংলাদেশে কার্যকর হয়। পেটেন্ট অফিসের মাধ্যমে পেটেন্ট ও ডিজাইন আইন, ট্রেডমার্ক রেজিস্ট্রির মাধ্যমে ট্রেডমার্ক আইন ও কপিরাইট অফিসের মাধ্যমে কপিরাইট অর্ডিন্যান্স পরিচালিত হতে থাকে। স্বাধীনতার পর হতে পেটেন্ট অফিস ও ট্রেডমার্কস রেজিস্ট্রি বাণিজ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীনে পরিচালিত হতে থাকে। ২০০৯ ইংরেজি সনে বাংলাদেশের পার্লামেন্টে বাংলাদেশ ট্রেডমার্কস আইন-২০০৯ পাশ করা হয় যা বর্তমানে পালিত হচ্ছে। ১৯৮৯ সালে পেটেন্ট অফিস ও ট্রেডমার্ক রেজিস্ট্রি বাণিজ্য মন্ত্রণালয় হতে শিল্প মন্ত্রণালয়ের অধীনে একত্রীভূত হয়ে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর হিসেবে আত্মপ্রকাশ করে। দীর্ঘ ১৪ বছর পর ২০০৩ সালে পার্লামেন্ট নতুন আইন পাশের মাধ্যমে প্রকৃতপক্ষে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরটি নতুন নিয়োগকৃত রেজিস্ট্রার (অধিদপ্তর প্রধান) এর পরিচালনায় তার যাত্রা শুরু করে। দীর্ঘ ৫ বছরের প্রচেষ্টার মাধ্যমে ২০০৯ সালে অধিদপ্তরের একটি নতুন জনবল কাঠামো চূড়ান্তভাবে অনুমোদিত হলেও নানা শর্তের জটিলতায় সে জনবল কাঠামো এখনও স্থায়ীকরণ করা সম্ভব হয়নি। ফলে এ অধিদপ্তরে স্থায়ীভাবে যোগদানকৃত জনবল একই পদে প্রায় ২৫ বছর যাবত সাফল্যজনকভাবে দায়িত্ব পালন করলেও জনবল কাঠামো স্থায়ী না হওয়ায় একাধিক পদোন্নতি বা সঠিক প্রশিক্ষণ তো দূরের কথা নূন্যতম একটি পদোন্নতি পাওয়াও সম্ভব হয়নি। ইতোমধ্যে পাকিস্তান আমলে নিয়োগ পাওয়া এ অধিদপ্তরের অধিকাংশ জনবলই কোন পদোন্নতি ছাড়াই চাকুরী হতে অবসর গ্রহণ করেছেন।

মেধাসম্পদের অপরিহার্যতা ঃ

মেধাসম্পদ মূলত একটি প্রাকৃতিক সম্পদ যা সৃষ্টিকর্তা প্রতিটি মানুষের মধ্যে প্রদান করেছেন। পৃথিবীর বস্তুগত মূল্যমান সম্পদ

---

[১] *Engr. SM Enamul Haque, AR, Dept. of Patents, Designs and Trademarks (DPDT), Ministry of Industries.*
E-mail : smenamulhuq@gmail.com

(Tangible Asset) আমরা পরিমাপ করতে পারি। কিন্তু প্রতিটি মানুষের মাঝে বিরাজমান মেধার পরিমাণ অসীম। এ মেধাকে পরিচর্যার মাধ্যমে মেধাসম্পদে পরিণত করা গেলে বিরাট এক সম্ভাবনার দ্বার উন্মোচিত হয়। ফলে টেকসই প্রযুক্তির বিকাশ ঘটে, শিল্পায়ন ত্বরান্বিত হয় এবং দেশের আর্থ-সামাজিক ব্যবস্থার উন্নয়ন ঘটে। প্রকৃতপক্ষে বর্তমান জ্ঞানভিত্তিক মুক্ত বিশ্ব ব্যবস্থায় যে জাতি মেধাসম্পদে যত বেশী উন্নত সে জাতি পৃথিবীতে তত বেশী সম্পদশালী এবং মর্যাদার অধিকারী। ১৯৯৪ সালে WTO সৃষ্টির পর মেধাসম্পদের গুরুত্ব আরও বেড়ে যায়। বাংলাদেশ শুরুতেই WTO-এর সদস্য পদে চুক্তি স্বাক্ষর করে। WTO-এর চুক্তির শর্ত মেনে বাংলাদেশ ধাপে ধাপে আমদানী শুল্ক কমিয়ে তার বাজারকে বহির্বিশ্বের নিকট উন্মুক্ত করে কিন্তু TRIPS চুক্তির বাধ্যবাধকতার মধ্যেও নিজেদের মেধাসম্পদ অফিসসমূহের জনবল ও অবকাঠামোর উন্নয়ন করা সম্ভব হয়নি বরং নিজেদের উত্তরাধীকার হতে প্রাপ্ত অফিসের অভিজ্ঞ জনবল অবসর গ্রহণ করায় এবং নতুন জনবল নিয়োগ না হওয়ায় ধীরে ধীরে মেধাসম্পদ অফিসসমূহের স্থায়ী জনবল প্রায় শূন্যের কোঠায় পৌঁছানোর উপক্রম হয়েছে। যার অনিবার্য ফলশ্রুতি হিসেবে আমরা দেখতে পাই WIPO বা TRIPS বিষয়ক কোন আন্তর্জাতিক চুক্তির আলোচনাকালে বা এ সম্পর্কিত কোন মতামত প্রদানকালে আমরা অভিজ্ঞ/দক্ষ জনবলের অভাব প্রকটভাবে উপলব্ধি করি। ফলে দেশের ভাবমূর্তি রক্ষাসহ দেশের স্বার্থ সুরক্ষা প্রায়ই হুমকির মুখোমুখি হয়ে পড়ে।

বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার ভঙ্গুর প্রবনতা ঃ

বর্তমানে দেশের অর্থনীতি প্রধানত বাংলাদেশের প্রবাসী শ্রমিকের ঘাম ঝরানো রেমিটেন্স হতে প্রাপ্ত আয় ও লক্ষ লক্ষ গার্মেন্টস কর্মীদের মাধ্যমে উপার্জিত বৈদেশিক আয়ের উপর নির্ভরশীল। বাংলাদেশের অধিকাংশ প্রবাসী শ্রমিকের কর্মসংস্থান মালয়শিয়া ও মধ্যপ্রাচ্য কেন্দ্রীক অল্প কয়েকটি দেশের মধ্যে সীমাবদ্ধ। প্রবাসী শ্রমিকদের কর্মসংস্থানের বিষয়ের উপর কোন দেশ বিরূপ সিদ্ধান্ত নিলে তা সরাসরি আমাদের অর্থনীতিতে আঘাত করে। আমাদের গার্মেন্টস পণ্য প্রধানত মার্কিন যুক্তরাষ্ট্র, কানাডা ও ইইউভুক্ত দেশে রপ্তানী হয়। একইভাবে এ দেশগুলি গার্মেন্টস পণ্য আমদানী বিষয়ে কোন প্রতিকূল সিদ্ধান্ত নিলে আমাদের অর্থনীতি সরাসরি ক্ষতিগ্রস্থ হবে। দেশের অর্থনীতিতে কৃষির অবদান ক্রমশ কমছে। আবার কৃষির সম্ভাবনা অনুকূল প্রকৃতির উপর নির্ভরশীল। আবার বাংলাদেশ স্বল্পোন্নত দেশের সদস্য হলেও পণ্যের বৈচিত্রতা বা বহুমুখিতা ও নিজস্ব প্রযুক্তির সীমাবদ্ধতার ফলে আমরা বাণিজ্যের ক্ষেত্রে স্বল্পোন্নত দেশের প্রাপ্য পূর্ণ সুযোগকে কাজে লাগাতে পারছি না।

মেধাসম্পদ অফিসের বর্তমান অবস্থা ঃ

শিল্প মন্ত্রণালয়াধীন পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়াধীন কপিরাইট অফিস বর্তমানে স্থায়ী জনবলের অভাবে খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। প্রায় পঁচিশ বছর যাবত জনবল কাঠামো স্থায়ী না হওয়ায় পদোন্নতির অভাবে অধিদপ্তরের স্থায়ীভাবে নিয়োজিত জনবলের মনে ক্ষোভ ও হতাশা যেমন বিরাজমান; তেমনি অধিদপ্তরে নতুন নিয়োগ পাওয়া জনবলের পদোন্নতির সুযোগ না থাকায় এ অধিদপ্তর ছেড়ে লোকজন অন্য দপ্তর/অধিদপ্তর/বিভাগে চলে যাচ্ছেন। মেধাসম্পদ অফিসসমূহে স্থায়ী জনবল কাঠামোর আওতায় নতুন নতুন জনবল নিয়োগ দেয়া হলে এবং তাদের সার্ভিসে ক্যারিয়ারের সুযোগ সৃষ্টি করা গেলে দেশের মেধাসম্পদ ব্যবস্থাপনায় গুনগত পরিবর্তন ঘটবে। যার ফলশ্রুতিতে মেধাসম্পদ ব্যবস্থাপনার মাধ্যমে প্রকৃতপক্ষে দেশের আর্থ সামাজিক উন্নয়নে কার্যকর ভূমিকা রাখার সুযোগ সৃষ্টি হবে।

World Intellectual Property Day-2013

সৃজনশীলতাই পরের প্রজন্ম

মোস্তাফা জব্বার[1]

প্রতি বছরের মতো এবারও একটি নতুন শ্লোগান নিয়ে সারা দুনিয়া বিশ্ব মেধাসম্পদ দিবস পালন করছে। এবারের শ্লোগান হচ্ছে: সৃজনশীলতাই পরের প্রজন্ম-"Creativity: the next generation" বরাবরই বিশ্ব মেধা সম্পদ সংস্থা মেধার গুরুত্ব নিয়ে খুব চমৎকার শ্লোগান তৈরি করে থাকে। এর আগেও চমৎকার শ্লোগানসমূহ দিয়ে এই সংস্থাটি বিষয়টির গুরুত্ব তুলে ধরতে সক্ষম হয়েছে। এবারের শ্লোগানটিও সেইরকমই একটা। কেউ যদি এই সংস্থাটির ওয়েব ঠিকানায় (http://www.wipo.int/ip-outreach/en/ipday/2013/) যান তবে দেখতে পাবেন যে, এখানে একটি বড় বিষয় নিয়ে ব্যাপকভাবে আলোচনা হচ্ছে। বিষয়টি মানব জাতির ভবিষ্যত নিয়ে। আলোচনাটি বস্তুত মানুষের ভবিষ্যত জীবনধারা নিয়ে। সেই আলোচনার মূল মর্মকথাটি হলো, দুনিয়াটি এখন এমন অবস্থায় এসেছে যে, আমরা এক সময়ে যাকে কল্পকাহিনী মনে করতাম সেগুলো এখন বাস্তব হয়ে গেছে। সামনের দিনে কি হবে, কিভাবে আমরা জীবনযাপন করবো সেগুলো দিনে দিনে স্পষ্ট হচ্ছে, নতুন ও অভিনব প্রযুক্তি আসছে: তবে সেটি নতুন মাত্রাও পাচ্ছে। সবারই প্রশ্ন হচ্ছে, ভবিষ্যতের পরের ভবিষ্যত কি? এমন অবস্থায় বিশ্ব মেধা সম্পদ সংস্থার মন্তব্য হলো:

What used to be science fiction is now fact. But what's next? What is the future beyond the future? What disruptive technology is now just an idea bouncing around a young engineer's mind? Who will create the next online sensation that again changes how we talk to each other? What new music will emerge from a garage somewhere to rock the world's dance floors or unnerve the academy? Who are tomorrow's great artists and innovators? How are they working; how do they create? And how will they get their creations to market in a world where the game changes, almost daily?

আমরাতো জানিইনা: বিশ্ব মেধাসম্পদ সংস্থা বা দুনিয়ার কেউ জানেনা কোন দেশের কোন অলিন্দের কোন গ্যারেজে স্টিভ জবস, মার্ক জুকারবার্গ, বিল গেটসরা এখনও আসেননি। এখনও আমরা জানিনা, আফ্রিকার কোন জঙ্গলে, এশিয়ার কোন বস্তিতে, বা বাংলাদেশের কোন গ্রামে সেই শিশু-কিশোর বা তরুণ মায়ের কোলে বড় হচ্ছে। অথবা তার হয়তো এখনও জন্মই হয়নি। এমনকি আমরা জানিনা ভবিষ্যতে বাজারজাতকরণ নামক কাজটি কিভাবে হবে। এক সময়ে মনে করা হতো তোমার কাছে পণ্য আছে, তুমি তার দাম ঠিক করো এবং ক্রেতার কাছে সেটি বিক্রি কর। এখন এমনও আছে যে ক্রেতা বিনামূল্যে সেবা নিচ্ছে বা পণ্য ব্যবহার করছে আবার উৎপাদক মুনাফাও করছে। গুগল, ফেসবুক, টুইটার ইত্যাদি নতুন নতুন উদাহরণ। ভবিষ্যতে এমন বা তার চাইতেও অভিনব আরও কোন নতুন উদাহরণ বা কৌশল তৈরি হবে সেটি আন্দাজ করাও কঠিন। তবে দুনিয়ার ডিজিটাল যাত্রার দিকে সামান্য করে তাকালেও আমাদেরকে জানতে হবে যে, এই দুনিয়ার আগামি মানেই সৃজনশীলতা; নতুন প্রযুক্তি, নতুন ধারনা ও নতুন সৃষ্টি। দুনিয়ার মানুষ যখন একটি জ্ঞানভিত্তিক সমাজের কথা বলে তখন সৃজনশীলতাকে সামান্যতম উপেক্ষা করার সুযোগ থাকেনা। সৃজনশীলতা না থাকলে মানুষের জ্ঞানও থাকবেনা: এই সহজ সরল সত্যটি নতুন করে বলার প্রয়োজন পড়েনা। মানুষ যখন অস্ত্র আর অর্থের বদলে জ্ঞানকে শক্তির উৎস হিসেবে বিবেচনা করছে এবং বিশ্ব-

[1] লেখক: তথ্যপ্রযুক্তিবিদ, কলামিস্ট, দেশের প্রথম ডিজিটাল নিউজ সার্ভিস আবাস-এর চেয়ারম্যান, সম্পাদক, বিজয় কীবোর্ড ও সফটওয়্যার এবং ডিজিটাল বাংলাদেশ-এর প্রণেতা, মেইল: mustafajabbar@gmail.com, ওয়েবপেজ: www.bijoyekushe.net, www.bijoydigital.com

সম্পদকে যখন বস্তুগত ধারনা থেকে মেধাগত চর্চা হিসেবে দেখতে তখন সৃজনশীলতা এবং একমাত্র সৃজনশীলতাই সবার ওপরে ঠাঁই দিতে হচ্ছে। একই সাথে বাংলাদেশের মানুষকেও জানতে হবে যে সৃজনশীলতা না থাকলে দেশটির ভাগ্যে নিম থাকবেনা। এটি খুবই সুখের বিষয় যে বাংলাদেশ ডিজিটাল বাংলাদেশের কথা ঘোষণা করতে পেরেছে। যেভাবেই হোক ডিজিটাল বাংলাদেশ কর্মসূচি দেশটি বাস্তবায়ন করছে। যদিও অনেকেই এখনও ডিজিটাল বাংলাদেশ মানে কেবল মাত্র সুখি-সমৃদ্ধ-উন্নত-বৈষম্যহীন-দুর্নীতিমুক্ত সোনার বাংলা গড়ে মনে করছেন, তবুও এটি আমরা বলতে পারি যে, ডিজিটাল বাংলাদেশ প্রকৃতপক্ষে একটি জ্ঞানভিত্তিক সমাজ উপহার দেবে। মূলত ডিজিটাল বাংলাদেশ গড়ে তুলতেই এই জাতিকে তার সকল সৃজনশীলতাকেই সর্বোচ্চ ব্যবহার করতে হবে। এই জাতিকে এটিও বুঝতে হবে যে, লড়াইটা গায়ের জোরের না হয়ে মেধার হয়ে গেছে। মগজের পণ্যের মূল্য যে বস্তুগত পণ্যের চাইতে বহুগুণ বেশি হয়ে গেছে সেই সত্যটি উপলব্ধি করার সময় এখন বিবেচনা করতে হবে।

মেধাসম্পদ দিবস পালনে বাংলাদেশও আনুষ্ঠানিকতার দিক থেকে পিছিয়ে নেই। ২৬ এপ্রিল বাংলাদেশেও ধারাবাহিকভাবে এই দিনটি পালিত হচ্ছে। সরকারের শিল্প মন্ত্রণালয় প্রধানত এই দিনের আনুষ্ঠানিকতার উদ্যোগ নিয়ে থাকে। এর সাথে এফবিসিসিআই, ঢাকা চেম্বার, আইপিএবি বা আরও কিছু সংগঠন যুক্ত হয়। বরাবরের মতো টিভিতে দুয়েকটি আলোচনা অনুষ্ঠান, একটি-দুটি সেমিনার, সকালের র‍্যালি, পোস্টার, স্মরনিকা এসব দিয়ে দিনটি অতিক্রম করা হয়।

কিন্তু যে কারণে দিনটি পালন করা সেই কাজটির তেমন কোন সফলতা এখনও নেই। বরং এটি বাস্তবতা যে, বাংলাদেশে সবচেয়ে অবহেলার বিষয় হচ্ছে মেধাসম্পদ। এখানে যেমনি ভাবে মেধাসম্পদ সুরক্ষিত নয়, তেমনি ভাবে মেধাসম্পদ সৃষ্টিতেও মানুষের আগ্রহ নেই। বিশ্বের অন্যতম কুখ্যাত পাইরেসির দেশ হিসেবে বাংলাদেশের পরিচিতি আছে। এখানে জন্য দেশেরতো বটেই নিজের দেশের মেধাসম্পদ রক্ষা করা হয়না। দেশের সঙ্গীত ও চলচ্চিত্র শিল্প মোটামুটি নিজেদেরকে দেওলিয়া ঘোষণা করেছে। দেশের নিজস্ব সফটওয়্যার বাজার গড়েই ওঠতে পারেনি। পাইরেসি ছাড়া এখানে কোন সফটওয়্যার সম্পদ বাজারজাত করা কঠিন। এই খাতে যেসব ছোটখাটো উদ্যোগ এর আগে জন্ম নিয়েছিলো পাইরেসির জন্য সেগুলো মুখ থুবড়ে পড়েছে। এখানে বাণিজ্য ও শিল্প বিষয়ক মেধা সম্পদের প্রতি কারও তেমন কোন ভ্রুক্ষেপ নেই।

সরকারের দুটি মন্ত্রণালয়ের দুটি অফিস মেধাসম্পদ বিষয়টি দেখাশোনা করে থাকে। ট্রেডমার্ক, প্যাটেন্ট ও ডিজাইন জাতিয় শিল্প ও ব্যবসা বিষয়ক মেধাসম্পদ দেখে থাকে শিল্প মন্ত্রণালয়ের ট্রেডমার্ক, প্যাটেন্ট ও ডিজাইন অফিস। অন্যদিকে সাহিত্য, গান, চলা ত্র, সফটওয়্যার, শিল্পকর্মসহ অন্যান্য সৃজনশীল কাজ দেখে থাকে সরকারের সংস্কৃতি মন্ত্রণালয়ের কপিরাইট অফিস। প্যাটেন্ট ও ডিজাইন আইন, ট্রেডমার্ক আইন এবং কপিরাইট আইন দিয়ে এসব মেধাসম্পদ রক্ষা করা হয়।

কিন্তু বাস্তবতা হচ্ছে দেশের সকল বিষয়ের মেধাসম্পদ সৃষ্টিতে অনাগ্রহ বিরাজ করে। এর পাশাপাশি যেসব মেধাসম্পদ বিদ্যমান রয়েছে সেগুলো রক্ষা করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গৃহিত হচ্ছেনা। প্রথম সংকটটি ব্যাপারিটি গড়ে তোলার। সরকারের দুটি অফিসেরই ন্যূনতম অবকাঠামো নেই। প্যাটেন্ট-ডিজাইন অফিসটিতে ডিজিটাল করার প্রচেষ্টা কিছুদিন যাবত চললেও এটি ব্যবহারকারিদেরকে সেবা দেবার জন্য যথাযথভাবে তৈরি হতে পারেনি। অবাকাঠামোগত অসুবিধার পাশাপাশি যোগ্য, দক্ষ ও প্রয়োজনীয় জনবলের অভাবে এই সরকারি দপ্তরটি একটি স্বাধীন দেশের ব্যবসা-বাণিজ্য ও শিল্পখাতের সৃজনশীলতা রক্ষা করতে পুরোপুরি সক্ষম নয়। এখানে যারা কাজ করেন তাদেরও নেই পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা। বছর জুড়ে একটি মাত্র দিবস উদযাপনের মধ্য দিয়ে কোনভাবে ডিজিটাল যুগের মেধাসম্পদ রক্ষা করা যায়না বা মেধাসম্পদ সৃষ্টিতেও আগ্রহ তৈরি করা যায়না-এই কথাটি বুঝে ওঠতে সম্ভবত আরও অনেক সময় লেগে যাবে।

অন্যদিকে কপিরাইট অফিসটির অবস্থা একেবারেই নাজুক। প্রথাগত পদ্ধতিতে কিছু বই-পত্র নিবন্ধন ও তার বিরোধ মীমাংসার বাইরে এই অফিসটি একেবারেই অথর্ব। এর একটি কপিরাইট বোর্ড রয়েছে যা মোটেই সক্রিয় নয়। বোর্ডের চেয়ারম্যান মহোদয় মাসের পর মাস মিটিংস সই করেন না বা সভা ডাকেন না; সেটি আর নিয়মিত ঘটনা। বছরের পর বছর ধরে এখানে মামলা ঝুলে আছে। শুধুমাত্র কিছুসংখ্যক সরকারি আমলার অনীহার জন্য তার মীমাংসা হচ্ছেনা। এই অফিসটির অবকাঠামোও দুর্বল। নিজের অফিস না থাকায় এটি আর্কাইভ ও গণ গ্রন্থাগার ভবনে ছোট একটি ঠাঁই নিয়ে কাজ চালায়। কপিরাইট তদন্ত করার জন্য প্রয়োজনীয় জনবল নাই বললেই চলে। কিছুদিন আগেও এই অফিসটি থেকে পাইরেসির বিরুদ্ধে অভিযান চালানো হতো। কিন্তু স্বল্প সময়ের মাথেই সেই কার্যক্রম বন্ধ হয়ে গেছে। এখন পাইরেসির অবস্থা খুবই নাজুক।

তবে অবস্থা নাজুক এই কথাটি বলে হাত পা গুটিয়ে বসে না থেকে আমাদের দায়িত্ব হলো বিদ্যমান অবস্থা কাটিয়ে সামনের দিনের জন্য প্রস্তুত হওয়া। এবারের বিশ্বমেধাসম্পদ দিবসের স্লোগানটির মর্ম উপলব্ধি করে যদি আমরা সৃজনশীলতাকেই গুরুত্ব দিতে চাই এবং দেশটিকে আমরা জ্ঞানভিত্তিক সমাজের দিকে নিতে চাই তবে একদিকে যেমন করে সরকারি অফিসগুলোর অবকাঠামো, ক্যাপাসিটি ও জনবল যথাযথ করতে হবে, তেমনি করে জনসচেতনতা বাড়াতে হবে। আমাদের দেশের হিসাব অনুসারে আমরা মেধাসম্পদ তৈরিতে নিয়োজিতই হতে চাইনা। সৃজনশীল কাজ যারা করেন তারা মনে করেন যে, উপযুক্ত পরিবেশ না থাকায় বা মেধাসম্পদ যথাযথভাবে সংরক্ষণের সুযোগ না থাকায় সৃজনশীল কাজ করতে আগ্রহ থাকেনা। এর জন্য পাইরেসি যেমনি বন্ধ করতে হবে; তেমনি ট্রেডমার্ক, প্যাটেন্ট ও ডিজাইন লঙ্ঘন করা বন্ধ করতে হবে। কপিরাইট এবং প্যাটেন্ট ও ডিজাইন আইনগুলো আপডেট করা দরকার। একই সাথে জি.আই আইন তৈরি করা দরকার।

সবচেয়ে বড় বিষয়টি হচ্ছে সরকারি বেসরকারি খাতে গবেষণা ও উদ্ভাবনে অনেক বেশি গুরুত্ব দেয়া দরকার। দুনিয়ার যে কটি দেশ গবেষণা ও উদ্ভাবনে বিনিয়োগ করেনা তার মাঝে আমরা সবার ওপরে। আমাদের বাজেটে গবেষণা ও উদ্ভাবনের জন্য বরাদ্দ থাকেইনা। আমাদের গবেষণা প্রতিষ্ঠান বা শিক্ষা প্রতিষ্ঠানগুলো কোন বিষয়েই তেমন গুরুত্ব সহকারে গবেষণার কাজ করতে পারেনা। সাম্প্রতিককালে পাট-ধান ইত্যাদি গবেষণার বিষয়ে আমাদের সফলতা এলেও আমাদের সৃজনশীলতার চূড়ান্ত ব্যবহার আমরা করছিনা। ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে আমাদের এজেন্ট হিসেবে অন্যের পণ্য বিক্রি করার মানসিকতা ছেড়ে নিজের পণ্য, নিজের উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটানোর চেষ্টা করতে হবে। আমরা না করি নিজেদের ট্রেডমার্ক, প্যাটেন্ট বা ডিজাইন; না নতুন আবিষ্কারে মনযোগী হই। এভাবে আমরা জ্ঞানভিত্তিক সমাজে আমাদের অস্তিত্ব টিকিয়ে রাখতে পারবোনা। আসুন, আমরা সবাই আমাদের সৃষ্টি করার সকল ক্ষমতা সমন্বিতভাবে কাজে লাগাই। এতে নিজের, সমাজের ও দেশের সমৃদ্ধি আমরা গড়ে তুলতে পারবো।

World Intellectual Property Day-2013

Training Strategy for the DPDT

Mohammed Habibul Kabir Chowdhury[1]

Training is a learning process that encompasses the acquisition of knowledge, sharpening of skills, concepts, rules or changing of attitudes and behaviors to enhance the performance of trainees. Training is about knowing where we stand (no matter how good or bad the current situation looks) at present, and where we will be after some point of time. Continuous training is required for any organization to run if effectively and efficiently. Necessity of training in the Department of Patents, Designs and Trademarks (DPDT) is more for many reasons. In this article we will try to focus on why training are necessary, what trainings are necessary and how these training requirements could be fulfilled.

The Department of Patents, Designs and Trademarks (DPDT) is a national Intellectual Property (IP) office in Bangladesh under the Ministry of Industries. Intellectual Property is broadly divided into two major heads (i) Industrial Property and (ii) Copyright. Industrial Property includes Patents, Industrial Designs, Trademarks, Utility Models, Geographical Indications (GI) of Goods, Layout Design of Integrated Circuit etc. Copyright includes Copyright and Related Rights. DPDT is mandated to administer Industrial Property issues. Main function of DPDT is to protect Intellectual Property Rights of the inventors and innovators through granting Patents and registering Industrial Designs, Trademarks etc. This is a very specialized and highly technical job.

Novelty is a pre-requisite for a patent to be granted and a design or trademark to be registered. To check the novelty, it is mandatory to search throughout the world whether it is granted or registered earlier or any application is pending anywhere in the world. In case of early granting or registration, the application filed later for the same invention will be rejected outright. In case of early filing, the application filed later on the same issue needs to be kept pending till disposal of the earlier one. During examination or disposal of an application we need to ensure quality service delivery to our clients. At the same time we need be careful whether the interest of any other person is being hampered by our decision. Moreover, DPDT has to run IP tribunals in order to dispose up opposition cases which are quasi-judicial in nature and need deep knowledge in IP laws.

WIPO (World Intellectual Property Organization), a specialized organization of the United

1 *Deputy Secretary, Govt. of Bangladesh. Now working in DPDT as Deputy Registrar (Admin and Finance), Ministry of Industries.*

Nations having its headquarter in Geneva, administers the Intellectual Property issues globally. Bangladesh is a member of WIPO and a signatory of different agreements, treaty, convention etc. Bangladesh is also a signatory of the TRIPS Agreement (Trade Related Aspects of Intellectual Properties) of World Trade Organization (WTO). In the TRIPS agreement there are some obligatory provisions which Bangladesh is obliged to follow. We are now in the process of changing our Intellectual Property Laws to make consistent with the provisions of TRIPS Agreement. So the officials of the DPDT need to have a clear understanding about this agreement. Moreover, almost 90% of the patent applications and about 20% of the other applications filed in the DPDT are from abroad. On the other hand, we need to uphold our national interest and satisfy our local customers. So, this office needs to be responsive to national and international practices and obligations.

To perform all these activities properly very high level skill and efficiency is required. But in our county we don't have any formal IP Training Institution to impart training to our officials. Only some sort of orientation and some on-the-job training on IP issues are given to them through senior officers. Some other training on general issues, like service rules, conduct rules, financial management, and office management are also being provided. But these are not at all sufficient to meet the requirement. There is a huge gap between the demand and supply of the training.

Another big issue is to introducing ICT in the DPDT. To search novelty and to examine the applications properly and promptly with accuracy and transparency ICT must be used. It is essential to ensure global connectivity also. We are now actively working in this sector. IPAS software has been installed in our office with the help of WIPO experts. We have been preparing a complete database for the DPDT and we are confident to prepare the Data Base at the end of this year. With the completion of database the office system of the DPDT will come under full automation. To run the automated system our officers and staffs need to be properly trained on ICT as well as on IP.

Continuous training is required for the officers and staffs of the DPDT on different issues of IP in order to ensure quality service delivery to the clients. Training for the newly recruited employees is a must. They need foundation training. Refresher training courses are to be conducted at least once in a year for all officers and staffs. Besides that some special training courses are required when new technology is introduced or any change occurs.

Trainings on IP are mainly required for the employees of the DPDT. Other target groups are (i) IP Lawyers, (ii) Entrepreneurs, (iii) Business men, (iv) Inventors, (v) Researchers, (vi) Teachers, (vii) Trainers, (viii) Members of the law enforcing agencies, (ix) Customs, (x) Judicial officers, (xi) Policy Makers.

Trainings are required broadly in three areas:

(i) Foundation Programs

(ii) Skill Programs

(iii) Certification Programs

Some important specific areas are:

(1) Basic Training course on IP Management

(2) Training course on Patent search and Examination

(3) Training course on Patent Documentation and Information for Patent Examiners

(4) Training course on Patent drafting

(5) Training course on Industrial Design

(6) IP Business Basics

(7) Training course on management and commercialization of IP for maximum benefit

(8) Basics of ICT

(9) Training on IPAS Software

(10) Training course on Trademark Examination

(11) Training course on the Legal, Management and Economic Aspects of Industrial Property.

(12) Training course on Industrial Property for Policy makers

(13) Training for the Trainers (TOT)

(14) Training course on Industrial Property in the Global Economy

(15) Training course on UPOV Convention related to protection of plant variety

(16) Training course on TRIPS Agreement

(17) Training course on IP Classification Systems like

(a) Locarno Agreement for Industrial Design, (b) Strasbourg Agreement for International Patent Classification System, (c) Vienna Agreement for Trademarks, (d) Nice Agreement for Trademarks

(18) Training course on IP Protection system like

(a) Madrid Agreement for Trademarks, (b) Hague Agreement for Industrial Design, (c) Lisbon Agreement for Appellation of Origin, (d) Budapest Treaty for Micro Organism, (e) Paris Convention for Industrial Properties

Organizing training programs is very difficult for many reasons. Lack of training institutions, lack of resource persons or trainers, lack of training materials, shortage fund are some major reasons. But if we can make a proper plan then it would be easier to provide training. Some possibilities are mentioned below:

(1) Initially some customized short training courses on some important issues of IP can be organized with the help of experts in the department.

(2) Existing Distance Learning Training Courses of WIPO can be availed.

(3) WIPO may be requested to send some experts to Bangladesh for conducting training courses.

(4) Some fundamental training courses can be availed in some other countries with support from WIPO.

(5) Some officers can be sent to WIPO Academy to participate in TOT courses so that they can train others.

(6) Some efficient officers should be equipped with higher study in IP issues.

(7) A pool of resource persons should be build.

(8) An IP Training Institute should be established.

(9) Alliances with some leading training institutes round the world should be made.

(10) General Training courses on office management, service rules, conduct rules etc. should be strengthened.

(11) Alliances should be made with different universities of home and abroad having IP curriculum.

(12) Every year a training calendar should be made for the whole year well ahead and the programs of the calendar should strictly be implemental.

(13) Training program should be monitored, evaluated and revised on a regular basis.

(14) Sufficient resources to be allocated for training.

For implementation of the above mentioned activities proper planning and implementation strategy should be in force. Sufficient resources to be allocated in this regard. Support from WIPO and other organizations can be availed through proper persuasion. Proper implementation of the activities will lead to an improved environment of creation, protection and commercialization of Intellectual Property which eventually result in a better socio-economic development.

- প্রতারণামূলক মার্ক ব্যবহার দন্ডনীয় অপরাধ।
- মেধাসম্পদের সুষ্ঠু ব্যবহার ডিজিটাল বাংলাদেশ গড়ার অন্যতম হাতিয়ার।

The Role of Intellectual Property on Economic Development

Dr. Mohammad A. Hossain[1]

I. Introduction

Human capital, human resources, and intellectual property although conceptually carry different connotations, they are intimately related as per their contribution to economic development is concerned. Human capital refers to the efficiency of the labor force acquired through structured education and training. Human resources engross a more comprehensive meaning as it includes the physical and innate intellectual capabilities of human beings besides the acquired efficiency. Physical capabilities are quantifiable, and enter into the production function as a factor that directly affects output. Efficiency of the labor force can also be quantified indirectly through the number of years of education, and experience, and therefore would be reflected in the efficiency parameter of the production function. Intellectual property (IP) is a legal concept which refers to the creations of the mind for which exclusive rights are recognized. Under intellectual property law, owners are granted certain exclusive rights to a variety of intangible assets, such as musical, literary, and artistic works; discoveries and inventions; and words, phrases, symbols, and designs. The common types of intellectual property rights include copyright, trademarks, patents, trade secrets. Thus, by definition, intellectual property is not quantifiable, except for the fact that it can be noted by the number of copyright, patents, trademarks registered. Indeed, intellectual property is still little understood and is regarded as an "obscure" legal concept that may not have much relevance in everyday life. The obscurity of the concept notwithstanding, both theory and empirical evidence seem to have established a cardinal role for intellectual property in economic development.

II. Theoretical Insights

The proponents of the knowledge-based economy emphasize the fact that intangible assets such as knowledge, information, creativity and inventiveness may replace the traditional and tangible factors of production such as land, labor and capital as determinants of economic growth. The new growth theory or the endogenous growth theory that evolved in the 1980s clearly suggests that accumulation of knowledge is the driving force for economic growth. In

[1] *Professor, Department of Economics and Director, Social Sciences Research Institute, University of Chittagong*
E-mail: hossain.shams@yahoo.com

the conventional theory of economic growth, capital is considered as a transitory source of growth, which is subject to diminishing returns to scale. In the new growth theory, both capital and labor are assumed to exhibit increasing returns to scale. The source of increasing returns to scale is knowledge, which is created by the acquisition of skills through education and training, learning by doing, research and development (R & D) or innovation. Knowledge is a public good and, therefore, has spill-over effects or positive externalities on the society – locally, nationally or globally. The endogenous growth theory seeks to explore the impact of 'process', 'product' as well as 'industrial' innovations. Recent economic growth has been largely attributed to knowledge and innovation.

Ideas and innovations can also help a country benefit from international trade. Trade promotes the acquisition of knowledge. Interactions with the outside world are described as the most important mechanism for promoting innovation and growth in a small economy. The mechanism presupposes that "international trade in tangible commodities facilitates the exchange of intangible ideas. The exchange of ideas or information can occur through personal contacts and the use of imported intermediate products. The larger the volume of trade, the more frequent will be the personal contacts and, therefore, the more information will be passed on to the small country agents. Secondly, imports of intermediate products not available locally may help local researchers gain insights from the inspection and use of these products. Thirdly, the local exporters can obtain valuable suggestions from the importers of the products as to how to improve the quality of the manufacturing process. Romer (1993) describes the poorness of a developing country in terms of the country's lack of physical objects such as factories and roads ("object gaps") and the lack of ideas or knowledge ("idea gaps") to create values to create values compared to a developed country. An object gap is manifested in saving and accumulation while an idea gap defines the patterns of interaction and communication between a developing country and the rest of the world. Development policies including trade policies can constitute important instruments towards narrowing down the idea gaps. Thus, the multinational corporations can make valuable contributions by imparting productive ideas to the local entrepreneurs. The notion of the idea gap is a broad concept encompassing insights about packaging, marketing, distribution, payment system, quality control etc. Idea gap also includes the technology gap. A liberal trade policy involves interactions with foreign companies and agents and, therefore, can be considered as an important vehicle of reducing idea gaps including the technology gap.

Economic development is a multi-dimensional concept. It includes economic growth, structural changes, reduction of poverty and unemployment, good governance and democratization, among other things. However, economic growth is the key component of economic development, particularly for the developing countries. In this paper, we will mostly concentrate on growth and employment components of economic development.

III. Channels through which Intellectual Property Enhances Economic Growth

The World Intellectual Property Organization (WIPO) lists a number of benefits that can

potentially happen or has already occurred to different economies. WIPO also enumerates the possible channels through which intellectual property may have orchestrated the stated benefits. The list includes the following:

1. Intellectual property protection benefits the economy

